NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

# একদিন

EKDIN

এগিয়ে চলার সঙ্গী






৩ ফের দখলে ফুটপাথ, প্রশ্নের মুখে হকার নিয়ন্ত্রণ

কলকাতায় 'যুব সাথী' শিবির শুরু ১৬ ফেব্রুয়ারি ৩


কলকাতা ১৩ ফেব্রুয়ারি ২০২৬ ৩০ মাঘ ১৪৩২ শুক্রবার উনবিংশ বর্ষ ২৪৩ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 13.02.2026, Vol.19, Issue No. 243, 8 Pages, Price 3.00

# নিপায় রাজ্যে প্রথম মৃত্যু, বাড়ল সতর্কতা

**নিজস্ব প্রতিবেদন:** রাজ্যে নিপা সংক্রমণে প্রথম মৃত্যুর খবর সামনে আসতেই নতুন করে উদ্বেগ ছড়াল। বারাসতের একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন পূর্ব বর্ধমান নিবাসী এক নার্স বৃহস্পতিবার সকালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। গত দেড় মাস ধরে তিনি সংকটজনক অবস্থায় লড়াই করছিলেন।

জানা গিয়েছে, জানুয়ারির গোড়ায় অসুস্থ হয়ে পড়েন ওই স্বাস্থ্যকর্মী। জ্বর ও পেটের সমস্যার উপসর্গ নিয়ে প্রথমে জেলার হাসপাতালে ভর্তি হন। শারীরিক অবস্থার দ্রুত অবনতি হওয়ায় ধাপে ধাপে অন্যত্র স্থানান্তর করা হয়। পরীক্ষায় তাঁর শরীরে নিপা ভাইরাসের উপস্থিতি ধরা পড়ে। পরে তাঁকে ভেন্টিলেশন সাপোর্টে রাখা হয়। মাঝখানে কিছুটা উন্নতি দেখা গেলেও শেষ পর্যন্ত সংক্রমণজনিত জটিলতা কাটিয়ে উঠতে পারলেন না তিনি।

হাসপাতাল সূত্রে জানানো হয়েছে, দীর্ঘ দিন নিবিড় পরিচর্যা চললেও অঙ্গপ্রত্যঙ্গের ক্ষতি মারাত্মক আকার নেয়। সব চেষ্টা সত্ত্বেও রোগীকে বাঁচানো যায়নি। একই সময়ে আক্রান্ত পূর্ব মেদিনীপুর নিবাসী আর এক নার্স অবশ্য চিকিৎসা শেষে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন। দু'জনেই গুরুতর অসুস্থ অবস্থায় অ্যাকিউট এনকেফ্যালাইটিস সিন্ড্রোম নিয়ে ভর্তি হন হাসপাতালে। জানুয়ারির দ্বিতীয় সপ্তাহে তাঁদের নমুনা পাঠানো হয় পুনের ন্যাশনাল ইন্সটিটিউট



অফ ভায়রোলজিতে, যার ফল হাতে আসতেই স্বাস্থ্য দপ্তর নিশ্চিত হয়ে যায় যে, তাঁরা নিপা আক্রান্ত।

স্বাস্থ্য দপ্তর জানায়, সংস্পর্শে আসা ৮২ জনের নমুনা পরীক্ষায় কারও দেহে সংক্রমণ মেলেনি। বাদুড়ের উৎস-তদন্তেও সক্রিয় ছিল প্রশাসন। বিভিন্ন এলাকা থেকে ধরা নমুনায় সক্রিয় ভাইরাস মেলেনি, যদিও এক ক্ষেত্রে পূর্ব সংক্রমণের ইঙ্গিত পাওয়া গিয়েছে। তবে এই মৃত্যুর পর রাজ্যে নজরদারি আরও জোরদার করা হয়েছে বলে প্রশাসনের তরফে জানানো হয়েছে।

এদিকে, নিপা ভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যু হওয়ায় পূর্ব বর্ধমানের মঙ্গলকোটের কুয়ারপুর গ্রামের তরুণী নার্সের দেহ গ্রামে আনা হবে কি না, তা নিয়ে তৈরি হয়েছে অনিশ্চয়তা। পরিবার সূত্রে জানা গিয়েছে, গত ২ জানুয়ারি অসুস্থ অবস্থায় তাঁকে প্রথমে কাটোয়া মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়। সেখান থেকে অবস্থার অবনতি হলে বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তরিত করা হয়। পরে উন্নত চিকিৎসার জন্য তাঁকে বারাসাতের একটি বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। টানা ৩৯ দিন মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ার পরও শেষরক্ষা হল না। বর্তমানে মৃতার বাবা-মা ও ভাই বারাসাতেই রয়েছেন। গ্রামে থাকা আত্মীয়-স্বজনদের দাবি, শেষবারের মতো মেয়ের মুখ দেখতে চান তাঁরা। গ্রামবাসীরাও দেহ গ্রামে আনার আবেদন জানিয়েছেন। তবে নিপা ভাইরাস সংক্রামক রোগ হওয়ায় মৃতদেহ পরিবারের হাতে তুলে দেওয়া হবে কি না, তা নিয়ে সংশয় তৈরি হয়েছে। সূত্র মারফত খবর, বিষয়টি নিয়ে স্বাস্থ্য দপ্তরে আলোচনা চলছে। সংক্রমণজনিত ঝুঁকি বিবেচনা করেই চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানা যাচ্ছে।



# বেগম-হীন বাংলাদেশে ভোট তপ্তই

**ঢাকা, ১২ ফেব্রুয়ারি:** গত কয়েক দশকে এই প্রথম পদ্মাপারে ভোট হল, যেখানে নেই দুই নারী- শেখ হাসিনা ওয়াজেদ ও বেগম খালেদা জিয়া। একজন এপারে, অন্য জন পরপারে। এহেন পরিস্থিতিতেও বাংলাদেশের ভোটে ছায়া ফেলল হিংসা। অশান্তি-বোমা-রক্ত-মৃত্যু বাদ গেল না কিছুই। খুলনায় ভোটকেন্দ্রে ধস্তাধস্তির সময়ে মৃত্যু হল এক বিএনপি নেতার। নিহতের নাম মহিবুজ্জামান কচি (৬০)। বৃহস্পতিবার সকালে তিনি ভোট দিতে গেলে, ভোটকেন্দ্রে জামাত কর্মী-সমর্থকদের সঙ্গে বচসা এবং ধস্তাধস্তিতে জড়িয়ে পড়েন। অভিযোগ, সেই সময়েই জামাতের লোকেরা তাঁকে ধাক্কা দিয়ে ফেলে দেন। তাঁর মাথায় চোট লাগে। এবং ঘটনাস্থলেই মৃত্যু হয় ওই বিএনপি নেতার। যদিও এই অভিযোগ অস্বীকার করেছে জামাত।

> বাংলাদেশে অবাধ, সুষ্ঠু, অন্তর্ভুক্তিমূলক এবং বিশ্বাসযোগ্য নির্বাচনের প্রতি ভারত সমর্থন পুনর্ব্যক্ত করছে। পাশাপাশি বর্তমান নির্বাচনের ফলাফলের দিকেও নজর রাখা হচ্ছে।
>
> **রণধীর জয়সওয়াল,**
> ভারতীয় বিদেশ মন্ত্রকের মুখপাত্র

বৃহস্পতিবার সকাল সাড়ে ৭টা (বাংলাদেশের সময়ে) থেকে শুরু হয়েছে ভোটগ্রহণ পর্ব। সকালের দিকে মোটের উপরে নির্বিঘ্নেই চলছিল ভোটপর্ব। তবে বৃহস্পতিবার বেলা গড়াতেই দিকে দিকে বিক্ষিপ্ত অশান্তির অভিযোগ উঠে আসতে শুরু করে। গোপালগঞ্জে বোমা বিস্ফোরণের অভিযোগ ওঠে। এক ভোটকেন্দ্রের অদূরে ককটেল বোমা ফাটানোর অভিযোগ ওঠে। বিস্ফোরণে শিশু-সহ তিন জন জখম হওয়ার খবর মিলেছে। বস্তুত, এই গোপালগঞ্জের টুঙ্গিপাড়াতেই জন্ম শেখ হাসিনার। এক সময়ে আওয়ামি লিগের অন্যতম শক্ত ঘাঁটি বলে পরিচিত ছিল গোপালগঞ্জ। ১৯৯১ সাল থেকে ২০২৪ সালের নির্বাচন পর্যন্ত হাসিনা গোপালগঞ্জ-৩ কেন্দ্র থেকে প্রতিদ্বন্দ্বিতা করেছেন এবং প্রত্যেক বারই জয়ী হয়েছেন।

নির্বাচনের সকালে বাংলাদেশি সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান সাধারণ জনতার উদ্দেশে অভয়বার্তা দিয়ে বলেছিলেন, 'সকলকে অনুরোধ করব, আপনারা নির্ভয়ে বাড়ি থেকে বেরিয়ে ভোটকেন্দ্রে যান এবং ভোট দিন।' তবে বাস্তব পরিস্থিতি বলছে, বিক্ষিপ্ত ভাবে বিভিন্ন জায়গায় অশান্তির অভিযোগ উঠে আসছে। দুপুরে ব্রাহ্মণবাড়িয়া-২ এলাকাতেও এক ভোটকেন্দ্রে বাইরে দুই গোষ্ঠীর মারামারির অভিযোগ উঠেছে। বিক্ষিপ্ত গোলমালের খবর মিলেছে রাজশাহিতেও। কুমিল্লাতেও ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে। কুমিল্লা-১১ আসনের এক কেন্দ্রে দুপুর ১২টার দিকে কেন্দ্রটিতে একের পর এক ককটেলের বিস্ফোরণ ঘটানো হয়।

## 'প্রহসন প্রত্যাখ্যান'

**নয়াদিল্লি, ১২ ফেব্রুয়ারি:** বাংলাদেশের জাতীয় সংসদ নির্বাচনকে 'প্রহসনের ভোট' বললেন প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বৃহস্পতিবারের ভোটে ভোটারদের উপস্থিতি ছিল কম। সমাজমাধ্যমে হাসিনার দাবি, দেশবাসী এই 'প্রহসনের ভোটকে প্রত্যাখ্যান' করেছেন। সে জন্য তাঁদের ধন্যবাদও জানিয়েছেন আওয়ামি লিগের প্রধান।

হাসিনা জানান, দেশের মানুষ এই ভোটকে প্রত্যাখ্যান করেছেন। তিনি ফেসবুকে লেখেন, 'অবৈধ এবং অসাংবিধানিক উপায়ে ক্ষমতা দখলকারী ইউনূসের আজকের তথাকথিত নির্বাচন ছিল মূলত একটি সুপরিকল্পিত প্রহসন। জনগণের ভোটাধিকার, গণতান্ত্রিক মূল্যবোধ ও সংবিধানের চেতনাকে বুড়ো আঙুল দেখিয়ে আয়োজন করা হয়েছে আওয়ামি লিগবিহীন; ভোটারবিহীন প্রতারণামূলক নির্বাচন।'

হাসিনা এখানেই থামেননি। তিনি ভোট কেনাবেচা, কারচুপির অভিযোগও করেছেন। ভোটে হিংসা হয়েছে বলেও অভিযোগ করেছেন তিনি। বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী হাসিনা লেখেন, '১১ ফেব্রুয়ারি সন্ধ্যার পর থেকেই ভোটকেন্দ্র দখল, গোলাগুলি, ভোট কেনাবেচা করতে টাকার ছড়াছড়ি, ব্যালট পেপারে সিল প্রদান এবং ফলাফল শিটে এজেন্টদের স্বাক্ষর গ্রহণের মধ্যে দিয়েই এই প্রহসনের সূচনা হয়।'

বৃহস্পতিবার সকাল ১০টা নাগাদ (বাংলাদেশের স্থানীয় সময় অনুসারে) ভোট দেন ইউনূস। ভোট দেওয়ার পর তিনি বলেন, 'আমার জীবনের মহা আনন্দের দিন এবং বাংলাদেশের সবার জন্য মহা আনন্দের দিন। মুক্তির দিন। আমাদের দুঃস্বপ্নের অবসান, নতুন স্বপ্নের শুরু। সেটাই হল আজকেই এই প্রক্রিয়া। সবাইকে মোবারকবাদ জানাচ্ছি।'

# মহারাষ্ট্রে ফের খুন বাংলার শ্রমিক, ক্ষুব্ধ মমতা, বাড়ি যাচ্ছেন অভিষেক

## মত্ত হয়ে বিবাদেই মৃত্যু, দাবি পুনে পুলিশের

**নিজস্ব প্রতিবেদন:** মহারাষ্ট্রের পুনেতে বাংলাভাষী হওয়ার কারণে পশ্চিমবঙ্গের এক পরিযায়ী শ্রমিককে খুন করা হয়েছে বলে অভিযোগ করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ঘটনাটিকে তিনি 'ঘৃণাজনিত অপরাধ' বলে অভিহিত করে দোষীদের অবিলম্বে গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন।

নিহত সুখেন মাহাতো পুরুলিয়ার বান্দোয়ানের বাসিন্দা। কর্মসূত্রে থাকতেন মহারাষ্ট্রের পুনেতে। তৃণমূলের অভিযোগ, বাংলায় কথা বলার কারণেই নির্মম ভাবে হত্যা করা হয়েছে ওই যুবককে। ঘটনায় অভিযুক্তদের অবিলম্বে গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পুনের ওই হত্যাকাণ্ডের নিন্দা জানিয়ে বৃহস্পতিবার সকালে সমাজমাধ্যমে পোস্ট করেন মুখ্যমন্ত্রী মমতা। মুখ্যমন্ত্রী লেখেন, এই বর্বরোচিত হত্যাকাণ্ডে তিনি মর্মাহত, ক্ষুব্ধ এবং ব্যথিত।



> আমি অবিলম্বে অভিযুক্তদের গ্রেপ্তারি এবং দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাচ্ছি। সুখেনের পরিবারের উদ্দেশে আমি বলছি, এই শোকার্ত সময়ে পশ্চিমবঙ্গ আপনাদের পাশে রয়েছে। ন্যায়বিচার নিশ্চিত করার জন্য সব রকম পদক্ষেপ করা হবে। এটি একটি ঘৃণ্য অপরাধ। এক যুবককে তাঁর ভাষা, পরিচয় এবং তাঁর শিকড়ের জন্য অত্যাচার করে হত্যা করা হল।
>
> — মমতা বন্দ্যোপাধ্যায়

এই ঘটনা নিয়ে মমতা লেখেন, 'আমি অবিলম্বে অভিযুক্তদের গ্রেপ্তারি এবং দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাচ্ছি। সুখেনের পরিবারের উদ্দেশে আমি বলছি, এই শোকার্ত সময়ে পশ্চিমবঙ্গ আপনাদের পাশে রয়েছে। ন্যায়বিচার নিশ্চিত করার জন্য সব রকম পদক্ষেপ করা হবে।' মুখ্যমন্ত্রী আরও লেখেন, 'এটি একটি ঘৃণ্য অপরাধ। এক যুবককে তাঁর ভাষা, পরিচয় এবং তাঁর শিকড়ের জন্য অত্যাচার করে হত্যা করা হল।'

স্থানীয় সূত্রে খবর, পুরুলিয়ার বরাবাজার ব্লকের তুমড়াশোল গ্রামের বাসিন্দা সুখেন বছর সাতেক আগে অপর দুই ভাইয়ের সঙ্গে পুনেতে গিয়েছিলেন। অন্য দিনের মতো গত সোমবারও কাজে বেরিয়েছিলেন। কিন্তু নির্দিষ্ট সময়ে ঘরে না ফেরায় খোঁজাখুঁজি শুরু করেন সুখেনের অপর দুই ভাই। শেষে মঙ্গলবার উদ্ধার হয় তাঁর ক্ষতবিক্ষত দেহ। বুধবার ফোনকলে তাঁর মৃত্যুর খবর আসে পুরুলিয়ার বাড়িতে। বাংলায় কথা বলার জন্যই যে তাঁর মেজ ছেলেকে খুন করা হয়েছে বলে দাবি করেন নিহত শ্রমিকের বাবা ধীরেন মাহাতো। সুখেনের মৃত্যুর যথাযথ তদন্তের দাবি জানিয়েছে পরিবার। এই ঘটনায় সরকার যাতে প্রয়োজনীয় পদক্ষেপ করে, সেই আর্জিও জানিয়েছে তারা। পুনে পুলিশ অবশ্য বিবৃতি দিয়ে জানিয়েছে, মত্ত অবস্থায় বচসার জেরেই খুন হয়েছেন সুখেন। এর নেপথ্যে অন্য কোনও কারণ নেই। অভিযুক্তদের খোঁজে তল্লাশি শুরু হয়েছে বলেও জানিয়েছে পুলিশ।

পুনে পুলিশের এই বক্তব্য প্রকাশ্যে আসার পরেই জানা যায়, সুখেনের পরিবারের সঙ্গে দেখা করতে শুক্রবারই পুরুলিয়ায় যাবেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। তবে মহারাষ্ট্র পুলিশের এই দাবি মানতে চাইছে না তৃণমূল কংগ্রেস। পুলিশ নিজের 'মুখ বাঁচাতে' এই তত্ত্ব খাড়া করার চেষ্টা করেছে বলে দাবি তৃণমূলের। শুক্রবারই নিহতের পুরুলিয়ার বাড়িতে যাচ্ছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। তৃণমূলের অন্যতম মহিলা মুখ তথা রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বলেন, 'মহারাষ্ট্রে যে ঘটনা ঘটেছে, তা কোনও বিচ্ছিন্ন ঘটনা নয়। ধারাবাহিক ভাবে গত কয়েক মাস ধরে বাংলা বলার অপরাধে বাঙালিদের বিভিন্ন রাজ্যে হেনস্থা, হত্যা করা হচ্ছে। এই অভিযোগ যখন আমরা তুলছি, তখন বিজেপিশাসিত মহরাষ্ট্র সরকারের পুলিশ মুখ বাঁচাতে একটা অন্য তত্ত্ব খাড়া করার চেষ্টা করছে। তাতে কোনও লাভ হবে না। সকলেই জানেন কী হচ্ছে।'

সূত্রের খবর, পরিবারের একমাত্র রোজগেরে ছিলেন সুখেনই। তাঁর হত্যার খবর ছড়িয়ে পড়তেই তৃণমূলের স্থানীয় নেতৃত্ব নিহতদের পরিবারের সঙ্গে যোগাযোগ করেন। পরিবারকে প্রয়োজনীয় সহযোগিতারও আশ্বাস দিয়েছে তৃণমূল। সুখেনকে খুনের অভিযোগ প্রকাশ্যে আসার পরে বুধবার রাতেই তাঁর বান্দোয়ানের বাড়িতে যান স্থানীয় তৃণমূল বিধায়ক রাজীবলোচন সোরেন। পুরুলিয়া জেলা পরিষদের সভাধিপতি নিবেদিতা মাহাতোও যান নিহতের বাড়িতে। পরে বিধায়ক বলেন, 'বাংলায় কথা বলার জন্য বিজেপিশাসিত রাজ্যগুলিতে বাঙালিদের নির্মম ভাবে হত্যা করা হচ্ছে। সুখেনকেও নির্মম ভাবে খুন করা হয়েছে। ময়নাতদন্তের রিপোর্টে দেখা গিয়েছে সুখেনের শরীরের বিভিন্ন জায়গায় আঘাতের চিহ্ন রয়েছে। আমরা সর্বতোভাবে পরিবারের পাশে আছি।'

পুনে পুলিশের অবশ্য দাবি, নিহত সুখেন মাহাতো মত্ত অবস্থায় ছিলেন। মত্ত অবস্থায় দু'জনের সঙ্গে ঝগড়ায় জড়িয়ে পড়েছিলেন পুরুলিয়ার ওই পরিযায়ী শ্রমিক। সেই বিবাদের জেরেই সুখেন খুন হয়েছেন বলে প্রাথমিক ভাবে অনুমান করা হচ্ছে বলে দাবি মহারাষ্ট্রের পুলিশের। পুলিশের দাবি, গত সোমবার রাতের দিকে ঘটনাটি ঘটেছে। সুখেন স্থানীয় এক সংস্থায় কাজ করতেন। ঘটনার দিন দুপুর ৩টে নাগাদ কাজে যাওয়ার জন্য বাড়ি থেকে বেরিয়েছিলেন সুখেন। কিন্তু তিনি কাজে যাননি বলেই জানাচ্ছে পুলিশ। তাদের দাবি, কাজে যাওয়ার বদলে পুণের কোরেগাঁও এলাকায় মত্ত হয়ে ঘুরছিলেন সুখেন। ঘটনার দিন মত্ত হয়ে দু'জনের সঙ্গে বচসায় জড়িয়ে পড়েছিলেন সুখেন। প্রাথমিক তদন্তে তাদের অনুমান, ওই বচসার পরেই দুই ব্যক্তির হাতে খুন হন তিনি। পুলিশ জানিয়েছে, তাদের কাছে সিসিটিভি ফুটেজ রয়েছে। যেখানে মৃত ব্যক্তিকে অপ্রকৃতিস্থ অবস্থায় দু'জনের সঙ্গে ঝগড়া করতে দেখা যাচ্ছে।

# নির্মলার কটাক্ষের জবাব অভিষেকের



> আইনের পাতায় যা লেখা আর গরিবের বাজারের খাতায় যা লেখা, তার ফারাক না বুঝলে সমস্যার সমাধান হবে না।
>
> — অভিষেক বন্দ্যোপাধ্যায়

**নিজস্ব প্রতিবেদন:** লোকসভায় জিএসটি কাঠামো ও বকেয়া প্রকল্পের অর্থপ্রদান নিয়ে কেন্দ্রকে তীব্র আক্রমণ শানালেন তৃণমূল কংগ্রেসের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। বক্তব্যের শুরুতেই তিনি অর্থমন্ত্রী নির্মলা সীতারামনের উদ্দেশে বলেন, 'আমার বক্তব্য মন দিয়ে শোনার জন্য ধন্যবাদ। তবে বাংলার মানুষ যখন ১০০ দিনের কাজ, আবাস, সড়ক ও জল প্রকল্পের প্রাপ্য চায়, তখনও যদি একই মনোযোগ দিতেন, ভালো হত।'


গত মঙ্গলবার তৃণমূল সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় লোকসভার ভাষণে যে বিষয়গুলির উল্লেখ করেছিলেন, বুধবার তা খারিজ করে দিয়েছেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমড। অভিযোগ করেছেন, অভিষেক সত্যকে 'বিকৃত' করছেন। দুধ, শিশুর ডায়াপার কিংবা শিক্ষাসামগ্রীতে কোনও জিএসটি নেওয়া হয় না বলে জানিয়েছিলেন নির্মলা। বৃহস্পতিবার সকালে ফের তার জবাব দিলেন অভিষেক। তালিকা ধরে ধরে দেখালেন কোন পণ্যে কত শতাংশ কর নেওয়া হয়। দাবি, নির্মলারা 'নতুন ভারতে' বাস করেন। দরিদ্র ভারতবাসীর সঙ্গে তার কোনও যোগাযোগ নেই। অর্থমন্ত্রীর 'তথ্য বিকৃতি'র অভিযোগের জবাবে অভিষেকের কটাক্ষ, 'তিনি বলেছেন আমি নাকি তথ্য ঘুরিয়ে বলেছি। তাই সোজা করে দিচ্ছি।' তাঁর দাবি, তাজা দুধে কর না থাকলেও গরিব পরিবার অনেক সময় দুধের গুঁড়োর ওপর নির্ভর করে, আর সেখানে ৫ শতাংশ জিএসটি। 'যা কেনার সামর্থ্য নেই তাতে শূন্য কর, আর যা কিনতে বাধ্য সেখানে ৫ শতাংশ কর; এটাই বাস্তব,' মন্তব্য তাঁর।

শিক্ষা সামগ্রীর ক্ষেত্রেও একই ছবি তুলে ধরে তিনি বলেন, 'পাঠ্যবইয়ে কর নেই, কিন্তু গ্রাফ কাগজ, ল্যাবরেটরি খাতা, রঙ-পেন্সিলে ১২ শতাংশ জিএসটি।' স্বাস্থ্য পরিষেবায় সরাসরি কর না থাকলেও অক্সিজেন সিলিন্ডার, ইনসুলিন বা অ্যানেস্থেশিয়ায় করের বোঝা নিয়েও প্রশ্ন তোলেন তিনি। শেষে তাঁর তির্যক মন্তব্য, 'শ্মশান পরিষেবা করমুক্ত, কিন্তু প্রার্থনার ধূপেও কর। নতুন ভারতে শোকেরও দাম আছে।' তাঁর সংযোজন, 'আইনের পাতায় যা লেখা আর গরিবের বাজারের খাতায় যা লেখা; তার ফারাক না বুঝলে সমস্যার সমাধান হবে না।'

# আজ ভার্চুয়াল বৈঠক কমিশনের, সফর মার্চের গোড়ায়

**নিজস্ব প্রতিবেদন:** ফেব্রুয়ারির শেষ সপ্তাহ পেরোলেই রাজ্যে চড়বে নির্বাচনী পারদ। নির্বাচন পরিচালনাকারী সংস্থার অন্দরের খবর, ২৮ ফেব্রুয়ারি সংশোধিত ভোটার তালিকা প্রকাশের পর পরই শীর্ষ পদাধিকারীদের কলকাতা সফর নির্ধারিত। ১ ও ২ মার্চ ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী-সহ একাধিক কর্তা রাজ্যে এসে প্রস্তুতি পর্যালোচনা করবেন। তার পরের সপ্তাহে আসতে পারে পূর্ণাঙ্গ কমিশন।

তার আগে রাজ্য বিধানসভা ভোটের প্রশাসনিক প্রস্তুতি পর্যালোচনায় শুক্রবার ভার্চুয়াল বৈঠকে বসছে জাতীয় নির্বাচন কমিশন। মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজকুমার আগরওয়াল ও জেলার দায়িত্বপ্রাপ্ত আধিকারিকদের সঙ্গে সরাসরি সংযোগে পরিস্থিতি খতিয়ে দেখা হবে বলে কমিশন সূত্রে খবর। সূত্রের বক্তব্য, মাঠপর্যায়ে প্রস্তুতি কত দূর এগিয়েছে, বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়ার শুনানি শেষ পর্যায়ে কোথায় দাঁড়িয়ে; সব দিকই পর্যালোচনা করা হবে। ভোটার তালিকা সংক্রান্ত নথিপত্র যাচাই নিয়েও বিস্তারিত আলোচনা হতে পারে। এসআইআর পর্ব মিটলেই নির্বাচনের ঘোষণা আসতে পারে বলেও ইঙ্গিত মিলেছে। এদিকে, ২৮ ফেব্রুয়ারি প্রকাশিত হবে সংশোধিত চূড়ান্ত ভোটার তালিকা। তার আগে বহুতল আবাসনে সম্ভাব্য বুথ চিহ্নিতকরণের তালিকাও সামনে আনা হবে। সব মিলিয়ে রাজনৈতিক উত্তাপ বাড়লেও কমিশনের লক্ষ্য, নিরপেক্ষ ও শান্তিপূর্ণ নির্বাচন নিশ্চিত করা।




কমিশনের পূর্ণাঙ্গ প্রতিনিধি দল মার্চের শুরুতে রাজ্যে আসার পর উৎসবপর্ব কাটলেই ভোটসূচি প্রকাশের সম্ভাবনা জোরালো। একাধিক দফায় নির্বাচন হতে পারে বলে জল্পনা। প্রশাসনিক মহলে চার দফার সম্ভাবনাই বেশি শোনা যাচ্ছে। সে ক্ষেত্রে এপ্রিলের মধ্যেই ভোটপর্ব শেষ করার রূপরেখা রয়েছে। তবে আইনশৃঙ্খলা, স্পর্শকাতর বুথ চিহ্নিতকরণ এবং কেন্দ্রীয় বাহিনীর মোতায়েন; সব দিকই খতিয়ে দেখা হবে। প্রাথমিক ভাবে দুই থেকে তিন দফায় ভোটের ভাবনা থাকলেও পরিস্থিতি বুঝে সিদ্ধান্ত বদলাতে পারে কমিশন।

প্রশাসনিক মহলের মতে, এই ধারাবাহিক সফর নিছক সৌজন্য নয়; ভোটের দিনক্ষণ ঘোষণার আগে মাঠপর্যায়ের বাস্তব চিত্র খতিয়ে দেখাই মূল লক্ষ্য। নবান্নে বৈঠকের পাশাপাশি জেলাশাসক, পুলিশ সুপার ও নির্বাচনী আধিকারিকদের সঙ্গে পৃথক আলোচনা হওয়ার কথা। এক কমিশন আধিকারিকের কথায়, 'শান্তিপূর্ণ ও নিরপেক্ষ ভোট আমাদের অগ্রাধিকার। কোথাও ঢিলেমি বরদাস্ত করা হবে না।' চূড়ান্ত তালিকা প্রকাশ ঘিরে রাজনৈতিক চাপানউতোরের আশঙ্কাও উড়িয়ে দেওয়া হচ্ছে না। এক রাজনৈতিক বিশ্লেষকের মন্তব্য, 'তালিকা ঘিরে বিতর্কই অনেক সময় নির্বাচনের সুর ঠিক করে দেয়।' ফলে মার্চের দ্বিতীয় সপ্তাহেই ভোট ঘোষণার সম্ভাবনা ক্রমশ জোরালো হচ্ছে।




## উচ্চমাধ্যমিক পরীক্ষা শুরু

■ বৃহস্পচিবার রাজ্যে শুরু হল উচ্চমাধ্যমিকের চতুর্থ সেমেস্টার। চলতি বছর প্রথমবার পরীক্ষাব্যবস্থা বিভাজিত ধাপে অনুষ্ঠিত হচ্ছে। তার উপর বিধানসভা নির্বাচনের সম্ভাব্য সূচি মাথায় রেখে সময় এগিয়ে আনা হয়েছে। চলবে ২৭ ফেব্রুয়ারি পর্যন্ত। একই দিনে চতুর্থ সেমেস্টার, তৃতীয় সেমেস্টারে অনুত্তীর্ণ ও পুরনো পদ্ধতির পরীক্ষার্থীরা আলাদা সময়ে পরীক্ষায় বসছে। সব মিলিয়ে প্রায় সাড়ে সাত লক্ষ পরীক্ষার্থী অংশ নিচ্ছে।



## দেশে ধর্মঘটে মিশ্র প্রভাব

■ নতুন শ্রম কোড বাতিল, রাষ্ট্রায়ত্ত সংস্থার শূন্যপদে নিয়োগ-সহ একগুচ্ছ দাবিতে বৃহস্পতিবার দেশজুড়ে ধর্মঘটের ডাক দিয়েছিল একাধিক ট্রেড ইউনিয়ন। এই ধর্মঘটের মিশ্র প্রভাব পড়েছে একাধিক রাজ্যে। তবে উচ্চমাধ্যমিক পরীক্ষার কথা মাথায় রেখে পশ্চিমবঙ্গে সমস্ত গণ,পরিবহণকে ছাড় দেওয়া হয়েছে। ধর্মঘটের আওতায় ছিল না ফেরি চলাচলও। রাজ্যের একাধিক শিল্পাঞ্চলে আংশিক অচলাবস্থা তৈরি হলেও প্রত্যাশিত সাড়া মেলেনি বহু জায়গায়। কেরলে ধর্মঘটের মিশ্র প্রভাব লক্ষ্য করা গিয়েছে।



## স্বচ্ছতার নির্দেশ হাইকোর্টের

■ রাজ্য পুলিশে কনস্টেবল নিয়োগ প্রক্রিয়া ঘিরে স্বচ্ছতা নিয়ে প্রশ্ন উঠতেই কড়া অবস্থান নিল কলকাতা হাইকোর্ট। লিখিত পরীক্ষায় সফল সব প্রার্থীর নাম, প্রাপ্ত নম্বর এবং তাঁরা কোন সংরক্ষিত শ্রেণিতে অন্তর্ভুক্ত; এই তথ্য সমেত পূর্ণাঙ্গ তালিকা প্রকাশের নির্দেশ দিয়েছেন বিচারপতি সৌগত ভট্টাচার্য। এর আগে একই নির্দেশ দেওয়া হলেও নতুন এক আবেদনের প্রেক্ষিতে আদালত ফের তা স্পষ্ট করে জানাল।

# শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

## নাম-পদবী

গত ১২/০২/২০২৬, নোটারী পাবলিক, সদর, হুগলী, কোর্টে ৪০০ নং এফিডেভিট বলে আমি Md Hanif Mondal (old name) S/o. Late Abdul Hafiz Mallick, R/o. Ankapara, Chitrashali, Haripal, Hooghly-712407, W.B., ঘোষণা করিয়াছি যে, আমি Md Hanif Mondal নাম পরিবর্তন করিয়া সর্বত্র Mahammad Hanif Mallick (New Name) নামে পরিচিত হইয়াছি। আমি Mahammad Hanif Mallick & Md Hanif Mondal S/o. Late Abdul Hafiz Mallick সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

## নাম-পদবী

গত ১২/০২/২০২৬, জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, সদর, হুগলী, কোর্টে ৫৭৭৯ নং এফিডেভিট বলে আমি Momtaj Begam W/o. Sekh Gul Mahammad সাং বালিকুখাড়ি, হারিট, দাদপুর, হুগলী-৭১২৩০৫, ঘোষণা করিয়াছি যে, আমার পিতা আব্দুল সফুর পিতা আব্দুল আজীজ এবং আব্দুস সবুর পিতা আব্দুল আজীজ এবং সবুর মন্ডল পিতা আজিজ মন্ডল সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন।

## নাম-পদবী

গত ০৬/০২/২০২৬, S.D.E.M, সদর, হুগলী, কোর্টে ১১ নং এফিডেভিট বলে আমি Soumya Sil W/o. Gopen Roy ও Soumya Sil D/o. Samir Kr. Sil @ Samir Kumar Sil সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

## নাম-পদবী

গত ২৯/০১/২০২৬, জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, বসিরহাট, উঃ ২৪পরগণা, কোর্টে ৬১৩৯/২৬ নং এফিডেভিড বলে আমি Md Maniruz Zaman S/o. Asrafujjaman Mondal, R/o. Sangrampur, Basirhat, North 24 Parganas-743422, ঘোষণা করিয়াছি যে, আমার পুত্রের জন্ম সার্টিফিকেটে (Regn. No. B/2022/129407, D.O.B. 23/06/2022) ও পুত্রের আধার কার্ডে (XXXX XXXX 5476) পুত্রের সঠিক নাম Ishan Mondal S/o. Md Maniruz Zaman Mondal-এর পরিবর্তে Ishan Zaman S/o. Md Maniruz Zaman লিপিবদ্ধ হইয়াছে। আমার পুত্র Ishan Mondal S/o. Md Maniruz Zaman Mondal ও Ishan Zaman S/o. Md Maniruz Zaman সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।




## আজকের দিনটি কেমন যাবে?

**আজ ১৩ ই ফেব্রুয়ারি। ৩০ শে মাঘ। শুক্র বার। মাঘী বিজয়া একাদশী তিথি। জন্মে ধনু রাশি। অষ্টত্তরী শনি র ও বিংশোত্তোরী কেতুর মহাদশা কাল। মৃতে দোষ নেই।**

**মেষ রাশি :** তরল পদার্থ কেমিক্যাল সম্পর্ক, ব্যবসা প্রতিষ্ঠান থেকে আয় বৃদ্ধি। পরিবার পরিজন দের সাথে মধুর সম্পর্ক। ছোট ভ্রমণ আর ভবিষ্যতের জন্য বীজ বপন হবে। প্রেম সম্পর্ক শুভ।প্রতিবাদ করার আগে পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখুন। ছাত্র ছাত্রীদের জন্য আজকের দিনটা অতীব আনন্দের। বাড়ী থেকে কাজে যাওয়ার র সময়, লাল তিলক, লাল রঙের রুমাল রাখুন।

**বৃষ রাশি :** পরিস্থিতি নিয়ন্ত্রণে আপনি কিছু শুভ কাজ করতে পারবেন। অল্প পরিচিত বান্ধবের সহযোগে, সমস্যা থেকে বের হয়ে আসবেন। নতুন পরিকল্পনা করতে পারেন। উচ্চ বিদ্যা তে সাফল্য অর্জন করা যাবে। পিতৃবাক্য মেনে নিতে অসুবিধা কোথায়? মন্দিরে গিয়ে দেবদেবীর পুজো দিন, সফলতা আসবে। পকেটে হলুদ রঙের রুমাল রাখুন, শুভ হবে।

**মিথুন রাশি :** হঠাত প্রাপ্তি। প্রতিবেশী স্বজন বান্ধব দ্বারা, ভ্রমন শুভ। প্রেমে বিশ্বাস যোগ্যতা অর্জন করতে হবে। নবম দশম শ্রেণীর ছাত্র ছাত্রী দের জন্য শুভ। লেখক সাহিত্যিক রা সম্মান পাবেন। গোপন কথা গোপন করতে হবে। কাছে সবুজ রঙের রুমাল রাখা উচিত। শ্রী নারায়ণ/ শ্রী কৃষ্ণ সেবা করলে আজ আরো শুভ হবে।

**কর্কট রাশি :** আজ দান বিতরণ করলে, প্রশান্তি অনুভব না থাকার কারণে আজ দুশ্চিন্তা থাকবে। এক সন্তানের কারনে মনকষ্ট বৃদ্ধি হবে। নতুন লগ্নি করা অর্থ ফেরত পেতে দুশ্চিন্তা। স্বজন বান্ধব দের সাথে তর্ক বিতর্ক হবে। জাহাজী ইন্জিনিয়ার দের সফর শেষে বিভ্রান্তি।আজ একটু ধৈর্য ধরতে হবে। আজ বড় ইন্টারভিউ থাকলে, দিন পরিবর্তন করা ভালো। বাড়ীর বাইরে বের হলে ভগবান গনেশের নামে শুভ হবে।

**সিংহ রাশি :** পুরাতন বান্ধবী বান্ধব প্রতিবেশী স্বজন র দ্বারা, কোন সমস্যা মুক্তি র পথ দেখা যাবে। ব্যাবসা বৃদ্ধির সঙ্গে অর্থ প্রাপ্তি সম্ভব। খাদ্য দ্রব্য ব্যবসায়ীর হাতে অর্থ আসবে। প্রেমে শুভ। স্বজন বান্ধব দের বিবাহ কথা পাকা হবে। প্রতিবেশীর দ্বারা শুভ। আজ সাদা রঙের কোন কিছু সাথে রাখুন। হর হর মহাদেব।

**কন্যা রাশি :** পরিবার স্বজনদের সহযোগিতা, আজ ধৈর্য ধরে কাজ করতে হবে। আজ এমন একটা কাজ করবেন, যা নিয়ে বেশ কয়েকদিন ধরেই দুশ্চিন্তায় ছিলেন। পরিবারের সহযোগীতা নিয়েই আজ এগিয়ে যাবেন। প্রেম আজ মধুরতা প্রদান করার কথা। গোপন বিষয় টা নিয়ে আজ কথা না বললেই ভাল। ভগবান শিবের পুজো করলে শুভ হবে।

**তুলা রাশি :** প্রিয়জন আজ মনকষ্ট দেবে। কথা বলার সময় যুক্তি উপস্থাপন না করলে, কাজ টা হবে কি করে? বাড়ীর পাশে সুযোগ আছে, কথা বলতে হবে। আজ ব্যাংক বিষয়ে কোন কিছু শুভ হবে। দেব গনেশ ভগবান মন্ত্র।

**বৃশ্চিক রাশি :** পরিবার স্বজন হারানো কোন নারীর ওপর বিশ্বাস করতে হবে। আজ সতর্ক থাকুন। কাজ শেষ হবে না। পরিশেষে গুপ্ত শত্রুর ষড়যন্ত্রের মোকাবেলা করতে হবে। আজ সকালের সময়ে তিনটি বিল্বপত্র ভগবান শিবের মাথায় দিন, ধৈর্য ধরতে হবে। প্রেমে ভুল বোঝাবুঝি হবে। ভগবান শ্রী কৃষ্ণ নাম।

**ধনু রাশি :** সতর্ক থাকুন। যাকে কাজের দ্বায়িত্ব দিয়েছিলেন সেটা না করার জন্য পরিবার স্বজনের সাথে, পরিবারের সদস্য নয়, এমন মানুষের জন্য-তর্ক বিতর্ক হবে। সঞ্চিত অর্থের সঠিক প্রয়োগ হবে। প্রেম বিষয়ক গোপন কিছু প্রকাশ্যে আসবে। আজ ব্যবসা বৃদ্ধি র প্রভূত সম্ভাবনা। হরিওং বলে পথ চলুন। কুকুর বিড়ালে র সেবা শুভ হবে। দেবী কালরাত্রি মন্ত্র পাঠ।

**মকর রাশি :** সন্তানের জন্য নিরাপদ নয়, আজ দুশ্চিন্তা বৃদ্ধি পাবে। পুরাতন বিবাদ মিটবে। প্রতিবাদ না করাটা শুভ। বিশেষতঃ যারা বেতন ভুক কর্ম করেন। আজ তারা কিছু সুযোগ সুবিধা পাবেন, যারা প্রাক্তন সরকারী কর্মচারী। প্রমিক যুগল প্রানের কথা বলতে পারেন। প্রতিবেশীর দ্বারা সম্মান বৃদ্ধি যোগ। ওম গনেশ দেব মন্ত্র।

**কুম্ভ রাশি:** আজ খুব ভেবে নতুন সম্পর্কে এগোতে হবে। প্রিয়জন নাকি প্রয়োজনে প্রিয়জন? গুপ্ত শত্রুর ষড়যন্ত্রের প্লান হবে। পরিবারের সবাইকে নিয়ে কোন আনন্দ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। ব্যাংক ড্রাফট লোন সংক্রান্ত কিছু শুভ হব। ছাত্র ছাত্রী দের জন্য সুখবর আছে। শিব শিব বলুন।

**মীন রাশি :** কষ্টদায়ক তিথি। আপনার সাথে প্রতিবেশী কোন সমস্যা আবার নতুন করে শুরু করতে পারে। পরিবারের সদস্য দের সাথে মধুর সম্পর্ক তৈরি করতে হবে। আপনি যা ভাবছেন তাই যে ঠিক, আর অন্যের ভাবনা ভুল, এই চিন্তা ভাবনা থেকে সরে আসুন। হর হর মহাদেব। সংক্রমণ কল্পে মাঘকৃত্য সমাপন।

**(আজ বিজয়া একাদশী তিথি। সত্যনারায়ণ পূজা।)**

## নাম-পদবী

গত ০৩/০২/২০২৬, জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, সদর, হুগলী কোর্টে ৪৯৪২ নং এফিডেভিড বলে আমি Prabhat Chatterjee S/o. Lt. Krishnadhan Chatterjee, সাং ফতেপুর, দিগসুই, মগরা, হুগলী-৭১২১৪৮, ঘোষণা করিয়াছি যে, আমার কন্যার (Shipra Chatterjee) জন্ম সার্টিফিকেটে (Regn. No. 295, dated 21/05/2004, D.O.B. 22/04/2004) আমার সঠিক নাম Prabhat Chatterjee-এর পরিবর্তে Pravat Chatterjee লিপিবদ্ধ হইয়াছে ও কন্যার মাধ্যমিক Admit Card ও Registration Certificate-এ কন্যার সঠিক জন্ম তারিখ ২২/০৪/২০০৪-এর পরিবর্তে ২২/০৪/২০০১ লিপিবদ্ধ হইয়াছে। আমি Prabhat Chatterjee ও Pravat Chatterjee সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি। আমার কন্যার সঠিক জন্ম তারিখ ২২/০৪/২০০৪.

## নাম-পদবী

গত ০৬/০২/২০২৬, S.D.E.M, সদর, হুগলী, কোর্টে ০৬ নং এফিডেভিট বলে আমি Shekh Samsuddin S/o. Moni Shekh ও Samsuddin Shekh S/o. Monibhai সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

## নাম-পদবী

গত ১০/০৬/২০২৪, S.D.E.M., শ্রীরামপুর, হুগলী, কোর্টে ৭১১৮ নং এফিডেভিট বলে আমি Nepal Das S/o. Subodh Das ও Bapi Das S/o. S. Das সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

## নাম-পদবী

গত ১০/০২/২০২৬, S.D.E.M., শ্রীরামপুর, হুগলী, কোর্টে ২২৮১ নং এফিডেভিট বলে আমি Ashoke Banerjee ঘোষণা করিয়াছি যে, আমার পিতা Amarendra Nath Banerjee ও A. N. Banerjee, Amarendra Banerjee সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন।

## নাম-পদবী

গত ০৮/০১/২০২৬, S.D.E.M., শ্রীরামপুর, হুগলী, কোর্টে ৪২৫ নং এফিডেভিট বলে আমি Goutam Banerjee ঘোষণা করিয়াছি যে, আমার পিতা Amar Banerjee ও Late Amar Banerjee, Amarendra Banerjee, A. Banerjee সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন।

## নাম-পদবী

গত ১১/০২/২০২৬, S.D.E.M., শ্রীরামপুর, হুগলী, কোর্টে ২৩২৮ নং এফিডেভিট বলে আমি Bappa Choudhury S/o. Kartik Choudhury ও Bappa Chowdhury S/o. K. Chowdhury সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

## নাম-পদবী

I, Reshmi Dutta D/o. Sri Sunil Kumar Dutta, R/o. 64, Saradapally, P.S. Bhadreswar, Hooghly-712124, do hereby declare that my daughter Aashita Bose D/o. Reshmi Dutta and Aashita Dutta D/o. Reshmi Dutta is the same self, one and identical person vide an affidavit no. 3535 dated 30/08/2024, sworn before Judicial Magistrate, Sadar, Hooghly Court.

## নাম-পদবী

গত ২৯/০১/২০২৬, জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, সদর, হুগলী, কোর্টে ৩৯২৫ নং এফিডেভিড বলে আমি Totan Ghosh Kora W/o. Amit Kumar Kora, সাং বসিপুর, বৈদ্যপুর, খরুয়া, গুড়াপ, হুগলী-৭১২৩০৮, ঘোষণা করিয়াছি যে, আমার কন্যার আধার কার্ডে (XXXX XXXX 5326) কন্যার সঠিক নাম Adriza Kora- এর পরিবর্তে Artija Kora লিপিবদ্ধ হইয়াছে। আমার কন্যা Adriza Kora ও Artija Kora D/o. Totan Ghosh Kora সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছে।

## নাম -পদবী পরিবর্তন

আমি **Lakshminarayan Koley** পিতা Mahananda Koley ঠিকানা-: গ্রাম- মাদপুর, পোস্ট-মহিষ গড়িয়া, থানা-ধনিয়াখালি, জেলা-হুগলী, রাজ্য-পশ্চিমবঙ্গ, Pin-712402, আমি অঙ্গীকার করতেছি যে **Lakshmi Narayan Koley**, পিতা- **Mahananda Koley** ও **Bapi Kole** পিতা- **Mahananda Koley** একই ব্যক্তি যাহা 1st Class Judicial Magistrate Hooghly at Chinsurah নিকট হইতে 12-9-2025 তারিখের affidavit বলে ঘোষণা করা হইয়াছে।

## নাম পরিবর্তন

গত ইং. 12/02/26 তারিখে SDEM-II কোর্টের 1071 নং. এফিডেভিট বলে আমি SK Sabir Ali ও Sabir Ali এবং আমার পিতা Sekh Mojammel Hak, Mojjamel Haque এবং Sukur Ali সর্বত্র একই ব্যক্তি বলিয়া জ্ঞাত হইতেছি।

## নাম -পদবী পরিবর্তন

আমি, **Pralhad Bag**, পিতা- Prasanna Bag, সাকিন- গ্রাম- মাদপুর (চৌকিদার পাড়া), পোঃ- মহিষগড়িয়া, থানা- ধনিয়াখালি, জেলা- হুগলী, পিন- ৭১২৪০২। বিগত ২০০২ সালের ভোটার তালিকায় আমার নাম ভুলবশত **Ranjit Bag** হিসেবে নথিভুক্ত হয়েছে। গত ১১/০২/২০২৬ তারিখে হুগলী চুঁচুড়া আদালতে মাননীয় জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট (১ম শ্রেণী) সমীপে এক হলফনামা (নং- ৫৭৪৭) মূলে আমি ঘোষণা করছি যে প্রকৃতপক্ষে **Pralhad Bag** এবং **Ranjit Bag** একই ও অভিন্ন ব্যক্তি।

## CHANGE OF NAME

I, **Samirun Bibi,** W/o Khalek Sekh (Sk.) and daughter of Kazim Sekh, residing at Sankharipota, Kalagachia Road, P.O.– Kalagachia, P.S.- Kalitala Ashuti, Dist.- South 24 Parganas, Pin- 700063, W.B., do hereby declare that in my Aadhaar Card, Pan Card & Bank Account my name has been recorded as **"Somirun Bibi"** but in Voter Card my name has been wrongly recorded as **"Pinki Das"** in place of **"Somirun Bibi".** That **"Somirun Bibi"** and **"Pinki Das"** are the same and one identical parson through an affidavit 1st class Judicial Magistrate Alipur Court, North 24 Parganas dt. 24.12.2025.

## AFFIDAVIT

I, **PRIYANKA BISWAS** D/O NARAYAN BISWAS resident of Ghoshpara, Fingapara, P.O.- Fingapara, P.S.- Bhatpara, Dist.- North 24 Parganas, PIN- 743129 do hereby declare vide affidavit serial no. 74 dated 11.02.2026 in the Court of Ld. Judicial Magistrate, 1st Class at Barrackpore that my father's full and fair name is NARAYAN BISWAS and it is recorded in his Aadhar and Voter ID Cards and in father's column of my Aadhar and Voter ID Cards too. But in my birth certificate issued by the Cantonment Board, Barrackpore being Regn. No. 24 dated 06.08.1996, DOB: 17.06.1996, my father's name has been recorded as N. BISWAS inadvertently. NARAYAN BISWAS and N. BISWAS i.e. my father is the same and one identical person.

## LOST & FOUND

আমি **শ্রী বীরেন্দ্রনাথ ঘোষ,** পিতা স্বর্গীয় ভুঁবনমোহন ঘোষ, ঠিকানা ২২/২, কুমারপাড়া রোড, পোস্ট অফিস- লিলুয়া, থানা- লিলুয়া, জেলা- হাওড়া। এতদ্বারা ঘোষণা করিতেছি যে গত **১৭/০৯/১৯৯১ তারিখে ১ নং বইয়ে নথিভুক্ত ৪৮৮৫ নং ও ১৯৯০ সালে ৫৬৬৭ নং আসল দলিলটি গত ১৮/০২/১৪ তারিখে হারাইয়া গিয়াছে।** যাহার **জিডি নং ১৩৩২ থানা লিলুয়া,** জেলা- হাওড়াতে নথিভুক্ত আছে।

## PUBLIC NOTICE

**Surrender of CE License**

As per affidavit no 5440, dated 11.02.2026 Notice is hereby given that the **Clinical Establishment License No. 33850485 of SWASTI NURSING HOME**, Magra Station Road, Magra, Hooghly – 712148, held in the name of **Mrs. Sikha Chowdhury (Sole Proprietor)**, has been surrendered to the Office of the Chief Medical Officer of Health, Hooghly, Dated: 11.02.2026

**Sd/- Sikha Chowdhury**
**SWASTI NURSING HOME**

## আমমোক্তারনামা বিজ্ঞপ্তি

আমি শ্রী হারাধন চন্দ্র সাহা, পিতা স্বর্গীয় সুরেশ চন্দ্র সাহা সাং রবীন্দ্র সরণি, পো: ও থানা-রানাঘাট, জেলা-নদীয়া, রাজ্য-পশ্চিমবঙ্গ, পিন-৭৪১২০১, পক্ষে বিগত ইং 17/08/2023 তারিখে I - 5959/23 নং আ আমমোক্তারনামা দলিল বলে নিযুক্ত আমমোক্তার, রাজু সাহা, পিতা স্বর্গীয় জীবন চন্দ্র সাহা, সাং দাসপাড়া, মুচিপাড়া লেন, পো: ও থানা-রানাঘাট, জেলা-নদীয়া, রাজ্য-পশ্চিমবঙ্গ।

**তপশীল**

খতিয়ান আর.এস নং ১৫১৯ ও এল. আর নং১২০৬৩, দাগ আর.এস নং ১৫৩২ ও এল. আর নং ৪৯১৬, পরিমাণ ১১ শতক জমি ক্রয় করেন। মহাশয় উক্ত বিষয়ে কাহারো কোনরূপ আপত্তি থাকিলে বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ দিনের মধ্যে রানাঘাট-I B.L & L.R.O অফিসে আপত্তি জানাবেন, অন্যথায় আইন মোতাবেক কার্য হইবে।

## আমমোক্তারনামা বিজ্ঞপ্তি

আমরা, ১) শ্রীমত্যা ছন্দা মন্ডল, স্বামী- মৃত সুনীল কুমার মন্ডল ওরফে সুনীল মন্ডল, ২) শ্রী প্রীতম মন্ডল পিতা মৃত সুনীল কুমার মন্ডল ওরফে সুনীল মন্ডল, উভয় সাং- ২/১৯৯ বিজয়গড়, পো: ও থানা- যাদবপুর, জেলা- দক্ষিণ ২৪ পরগনা, পিন- ৭০০০৩২, রাজ্য-পশ্চিমবঙ্গ, ৩) শ্রীমতি সুনিপা সমাদ্দার স্বামী শ্রী সুবীর সমাদ্দার, এবং পিতা- মৃত সুনীল কুমার মন্ডল ওরফে সুনীল মন্ডল, সাং- ৫৮ এন. এস রোড, পো: ও থানা- নিউ ব্যারাকপুর, জেলা - দক্ষিণ ২৪ পরগনা, পিন- ৭০০০৩১, রাজ্য-পশ্চিমবঙ্গ পক্ষে, বিগত ইং 06/01/2019 তারিখে IV - 14/19 নং আমমোক্তারনামা দলিল বলে নিযুক্ত আমমোক্তার, শ্রী প্রভাস বিশ্বাস পিতা মৃত অনন্ত বিশ্বাস,সাং-নতুনগ্রাম রেলগেট, পো:- হিজুলী, থানা- ধানতলা, জেলা- নদীয়া, পিন-৭৪১২০১, রাজ্য- পশ্চিমবঙ্গ, মহাশয়দ্বয়, উক্ত বিষয়ে কাহারো কোনরূপ আপত্তি থাকিলে বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ দিনের মধ্যে রানাঘাট - II B.L.&L.R.O. অফিসে আপত্তি জানাবেন, অন্যথায় আইন মোতাবেক কার্য হইবে।

## আমমোক্তারনামা বিজ্ঞপ্তি

আমরা ১) করুণাময়ী মন্ডল পিতা অনিল মন্ডল ২) রাজলক্ষ্মী দে পিতা বিমল দে, ইংরেজি 25/11/1983 তারিখে power deed No-10566 নং বলে রানাঘাট-I A.D.S.R office 112 নং হিজুলি আমোক্তারনামা দলিল বলে নিযুক্ত আমোক্তার দীপ্তিনাথ পাল চৌধুরী পিতা নন্দলাল পাল চৌধুরী উভয় সাং এ. এন জি সি রোড, পো:+থানা-রানাঘাট, জেলা-নদীয়া, plot no-667/1065, L.R খতিয়ান-1068, পরিমাণ-2.21 শতক। মহাশয়, উক্ত বিষয়ে কাহারো কোনরূপ আপত্তি থাকলে বিজ্ঞপ্তি প্রকাশের 30 দিনের মধ্যে রানাঘাট-I B.L & L.R.O অফিসে আপত্তি জানাবেন। অন্যথায় আইন মোতাবেক কার্য হইবে।

আমি শ্রী মধু ঘোষ, পিতা মদন মোহন ঘোষ, বড়বাজার বাই লেন, চন্দননগর, হুগলি নিবাসী আমমোক্তার গ্রহীতা আমি ইংরেজি ০৬.০৬.২০২৪ তারিখে A.D.S.R চন্দননগর সাব-রেজিস্ট্রি অফিস। ১ নং বহির ০৬০৪০১৬৮৮ নং আমমোক্তার নামা দাতা ১) শ্রীমতি মনিকা খাঁ, স্বামী অরুপ কুমার খাঁ ২) তীর্থা খাঁ, পিতা অরুপ কুমার খাঁ ৩) তিয়াসা খাঁ, পিতা অরুপ কুমার খাঁ নিকট হইতে বিগত ০৬.০৬.২০২৪ তারিখে আমমোক্তার রেজিস্ট্রি করিয়া লইয়াছি। মৌজা চন্দননগর, সিট নং ২৪, জে. এল. ১, হাল খতিয়ান ২৯৯৫, ২৯৯৪, ২৯৯৬ হাল দাগ ৩০১, জমির পরিমাণ ২২ কাঠা ৪ ছটাক এর মধ্যে ০.০৮৭ সহ বাস্তু সম্পত্তি হইতেছে। এই আমমোক্তার নামা যদি কাহারো কোন আপত্তি থাকে তাহলে সংশ্লিষ্ট সিঙ্গুর এ্যাট খালিসানী (মানকুন্ডু) বি.এল. এন্ড এল.আর.ও অফিসে ৩০ দিনের মধ্যে সত্বর যোগাযোগ করুন।

## আমমোক্তারনামা সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলকে জানানো যাইতেছে যে, **শ্রীমত্যা বীনাপানি সাঁতরা**, স্বামী নারায়ন চন্দ্র সাঁতরা, সাকিম বেনাভাডুই, চুঁচুড়া আর.এস., চুঁচুড়া, হুগলী-৭১২১০২, মহাশয়া বিগত ইং ২১/০৩/২০১২ তারিখে এ.ডি.এস.আর., চুঁচুড়া, হুগলী, অফিসে রেজিস্ট্রিকৃত IV-00053/2012 নং আমমোক্তারনামা দলিল মূলে আমার মক্কেল **শ্রী প্রশান্ত মন্ডল**, পিতা সুবল চন্দ্র মন্ডল, সাকিম বেনাভাডুই, চুঁচুড়া আর.এস., চুঁচুড়া, হুগলী-৭১২১০২, মহাশয়কে ক্ষমতাপ্রাপ্ত আমমোক্তার নিযুক্ত করেন এবং উক্ত আমমোক্তারনামা বলে আমার মক্কেল নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি বিগত ইং ০৫/০৬/২০১৩ তারিখে এ.ডি.এস.আর., চুঁচুড়া, হুগলী, অফিসে রেজিষ্ট্রীকৃত I-03070/2013 নং বিক্রয় কোবালা দলিল মূলে **শ্রী সোমনাথ সিং**, পিতা দিলীপ সিং, সাকিম ৬নং দত্তপাড়া লেন, বিডন স্ট্রীট, জোড়াবাগান, কলকাতা-৭০০০০৬, মহাশয়কে ০২ কাঠা ০৩ ছটাক ০৬ বর্গফুট সম্পত্তি বিক্রয় করিয়াছেন।

**তপশীল**–জেলা হুগলী, থানা চুঁচুড়া, মৌজা বেনাভারুই, জে.এল. নং ১৫, হাল এল. আর ৪৪০ নং খতিয়ান হইতে, আর.এস. ১৮৯ নং তথা হাল.এল.আর. ২০৫ নং দাগে বাঁশবাগান জমি ০২ কাঠা ০৩ ছটাক ০৬ বর্গফুট সম্পত্তি অত্র দলিলে আমমোক্তারনামা বলে বিক্রয়কৃত সম্পত্তি হইতেছে। এতদ্বারা সকলকে অবগত করা যাইতেছে যে, বর্তমান ক্রেতা **শ্রী সোমনাথ সিং**, পিতা দিলীপ সিং, তাহার উক্ত খরিদা সম্পত্তি নিজ নামে নাম পত্তন করিবার জন্য বি.এল এ্যান্ড এল.আর.ও মগরা-চুঁচুড়া ব্লক অফিসে আবেদন করিয়াছেন/করিতেছেন। ইহাতে কাহারও কোন আইনানুগ আপত্তি থাকিলে বিজ্ঞপ্তি প্রচার হইবার আগামী ১ মাসের মধ্যে সংশ্লিষ্ট অফিসে আপত্তি জানাইতে পারিবেন, অন্যথায় নিয়ম অনুসারে কার্য্য করা হইবে। **ইতি- মীর মহঃ কলিমুদ্দিন (উকিলবাবু), চন্দননগর কোর্ট, হুগলী**

## বিজ্ঞপ্তি

**In the Court of the Ld. District Judge, at-Midnapore, Dist- Paschim Medinipur,**
**Ref: J.Misc. Case No.63/2012**

শ্রী শ্রী হরি জীউ ঠাকুরের পক্ষে সেবাইত
শ্রী নিতাই চাঁদ সামন্ত দীৎ - দরখাস্তকারীগন

এতদ্বারা পশ্চিম মেদিনীপুর জেলার পিংলা থানার অর্ন্তগত নয়া উত্তরপাড়া, পোষ্ট- নয়া, থানা- পিংলা, জেলা- পশ্চিম মেদিনীপুর, গ্রামের অধিবাসীগন সর্ব সাধারনকে অবগত করানো যায় যে, উক্ত সাকিনের স্থায়ী বাসিন্দা অধুনা (১) শ্রী নিতাই চাঁদ সামন্ত, পিতা- ৺কুঞ্জ সামন্ত, (২) শ্রী গঙ্গাগর সাহু, পিতা-৺রামপদ সাহ, (৩) শ্রী নারায়ন চন্দ্র মানা, পিতা- ৺নরেন্দ্র মানা, (৪) শ্রী সুশান্ত মান্না, পিতা- হরিপদ মান্না, (৫) নির্মল দোলাই, পিতা- ৺গৌরহরি দোলাই, সকলের নিবাস- নয়া, পোষ্ট- নয়া, থানা- পিংলা, জেলা- পশ্চিম মেদিনীপুর, শ্রী শ্রী হরি জীউ ঠাকুরের পক্ষে সেবাইত, মন্দির সংস্কার করিবার জন্য অর্থের প্রয়োজনে নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি বিক্রয় করিবার আবশ্যক হওয়ায় তাহা জেলা জর্জ-এর অনুমতি লইবার জন্য উপরোক্ত J.Misc. Case টি দাখিল করিয়াছে, যাহার আগামী ইংরেজী 31/1/26 তারিখে শুনানীর জন্য ধার্য রহিয়াছে।

এতদ বিষয়ে কাহারও কোনো আপত্তি থাকিলে অত্র বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ দিনের মধ্যে কিংবা পরবর্তী ধার্য্য দিনের মধ্যে স্বয়ং কিংবা কোনো ভারপ্রাপ্ত উকিলবাবুর মাধ্যমে অত্র মোকর্দ্দমায় হাজির হইয়া কারন দর্শাইবেন । অন্যথায় অত্র মোকর্দ্দমা আইনানুগভাবে নিস্পত্তি হইবে।

**তপশীল সম্পত্তির বিবরন**

জেলা- পশ্চিম মেদিনীপুর, থানা- পিংলা, মৌজা- নয়া, জে. এল. নং- ০৭০, এল. আর. আর. ও আর খতিয়ান নং- ৭২১, দাগ নং- ৬৬১, শ্রেনী- কালা, পরিমান- ৫৮ ডেসিমল।

অনুমত্যানুসারে
Sd/- Bibhas Mondal
সেরেস্তাদার
ডিষ্ট্রিক্ট জর্জ আদালত, পশ্চিম মেদিনীপুর

## DECLARATION

I, **Piyali Chakraborty,** Daughter of LT. H.N. Chakraborty & Anjana Chakraborty of Biren Roy Road (W), Kolkata-700141, declares before E.M. at Sealdah that I am the only legal heir & successor of my mother, who died intestate on **10.02.2018.** She was the lawful owner of a flat measuring 1,250 Sq.ft. along with car parking space of 120sq.ft. at 132A, PGHS Road, Kolkata-700032 with lift facility. And if any body proves lawfully that I am fabricated/false than I shall be fully responsible for that act.

শ্রেণিবদ্ধ
বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র
উত্তর ২৪ পরগনা
অ্যাড কানেক্সন
সন্তোষ কুমার সিং
হোম নং -৩, বিএল নং-১৮, মেঘনা মোড়, পোস্ট ও থানা-জগদ্দল, উত্তর ২৪ পরগনা,
ফোন- ৮৩৩৬০ ৮৮৭২১
ইমেইল- adconnexon@gmail.com

ঘোষণা- এই পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের সত্যতা সম্পর্কে এজেন্ট বা পত্রিকা কর্তৃপক্ষ কোনওভাবে দায়বদ্ধ নয়।

# দিঘার পর্যটন আরও সুগঠিত করতে জমি ই-নিলামের উদ্যোগ

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** দিঘায় পর্যটন পরিকাঠামো আরও সুসংগঠিত ভাবে গড়ে তুলতে প্রায় সাড়ে ৯ একর জমি ই-নিলামের মাধ্যমে বরাদ্দের উদ্যোগ নিল রাজ্য সরকার। পর্যটনকেন্দ্রিক হোটেল ও বাণিজ্যিক পরিকাঠামো তৈরির উদ্দেশ্যে এই পদক্ষেপ করা হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। পশ্চিমবঙ্গ হাউজিং ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড (ডব্লিউবিএইচআইডিসিও) পূর্ব মেদিনীপুর জেলার দিঘার পশ্চিম গদাধরপুর মৌজায় দুটি জমি ই-নিলামের জন্য বিজ্ঞপ্তি জারি করেছে। জমি দুটির আয়তন যথাক্রমে ৬.৮৮ একর এবং ২.২৯ একর। দুটি জমিই ফ্রিহোল্ড ভিত্তিতে শুধুমাত্র হোটেল ও বাণিজ্যিক পরিকাঠামো গড়ে তোলার জন্য বরাদ্দ করা হবে। দপ্তর সূত্রে জানা গিয়েছে, এই উদ্যোগের লক্ষ্য দিঘায় উন্নত মানের আতিথেয়তা পরিষেবা গড়ে তুলতে কর্পোরেট সংস্থাগুলিকে আকৃষ্ট করা। এর মাধ্যমে পর্যটকদের জন্য উন্নত সুযোগসুবিধা, পরিকল্পিত উপকূলীয় উন্নয়ন এবং কর্মসংস্থানের সম্ভাবনা তৈরি হবে বলে মনে করা হচ্ছে। ৬.৮৮ একর জমির প্রাথমিক মূল্য ধরা হয়েছে ১২৩ কোটি ৯৭ লক্ষ টাকা। অন্যদিকে ২.২৯ একর জমির ভিত্তিমূল্য নির্ধারণ করা হয়েছে ৪১ কোটি ২৯ লক্ষ টাকা। দুটি জমিই সমুদ্রতট থেকে প্রায় ৩৯০ মিটার দূরে অবস্থিত এবং উপকূলীয় নিয়ন্ত্রণ অঞ্চলের মধ্যে পড়ে। ফলে নির্মাণের আগে সফল দরদাতাকে প্রয়োজনীয় আইনগত ও সিআরজেড ছাড়পত্র নিতে হবে। দপ্তর সূত্রে আরও জানা গিয়েছে, জমি হস্তান্তরের পর নির্দিষ্ট সময়ের মধ্যে নির্মাণকাজ শুরু করতে হবে এবং পাঁচ বছরের মধ্যে প্রকল্প সম্পূর্ণ করতে হবে। এই উদ্যোগের মাধ্যমে দিঘায় পর্যটন অবকাঠামো উন্নয়নকে আরও গতি দেওয়ার লক্ষ্য নেওয়া হয়েছে।

# পূর্ব রেলে জেনারেল ম্যানেজারের কড়া নজরদারি

**হাওড়া:** পূর্ব রেলের পরিকাঠামো ও নিরাপত্তা ব্যবস্থার খতিয়ে দেখতে বৃহস্পতিবার একাধিক গুরুত্বপূর্ণ স্টেশন ও রেলপথ পরিদর্শন করলেন জেনারেল ম্যানেজার মিলিন্দ দেউস্কর। হাওড়া, আসানসোল ও মালদা বিভাগের বিভিন্ন অংশ ঘুরে তিনি চলমান উন্নয়ন প্রকল্প, স্টেশন সংস্কার এবং নিরাপত্তা মান যাচাই করেন। রামপুরহাট থেকে শুরু হওয়া এই পরিদর্শন শেষ হয় ঝাড়খণ্ড সংলগ্ন এলাকায়। দুমকায় তিনি লোকোপাইলট ও গার্ডদের বিশ্রামাগার ঘুরে দেখেন এবং কর্মীদের সঙ্গে কথা বলেন। সাফ জানিয়ে দেন, নিরাপত্তা নিয়ে কোনও আপস নয়। বিশ্রামপ্রাপ্ত ও সতর্ক কর্মীই দুর্ঘটনামুক্ত রেল চলাচলের চাবিকাঠি। দেওঘর ও জেসিডি সংযোগ প্রকল্পে কাজের অগ্রগতি খতিয়ে দেখে দ্রুত কাজ শেষ করার নির্দেশ দেন তিনি। বাঁকা ও গড্ডায় 'অমৃত ভারত' প্রকল্পের অধীনে স্টেশন রূপান্তরের মান বজায় রাখার উপর জোর দেন। ভাগলপুরে ইয়ার্ড পুনর্গঠন ও ভবিষ্যৎ ট্রেন চলাচলের সক্ষমতা বৃদ্ধির পরিকল্পনাও পর্যালোচনা করেন। পরিদর্শন শেষে জেনারেল ম্যানেজার বলেন, পরিকাঠামোর আধুনিকীকরণ ও যাত্রীসুবিধা বৃদ্ধিই আমাদের অগ্রাধিকার। প্রত্যেক বিভাগকে সমন্বিতভাবে কাজ করতে হবে। তাঁর এই সফর পূর্ব রেলের উন্নয়ন তৎপরতায় নতুন গতি আনবে বলেই রেল কর্তাদের আশা।

ফর্ম নং ১৪
[দ্রষ্টব্য রেগুলেশন ৩৩(২)]
রেজিস্টার্ড ডাকে এ/ডি সহ প্রেরিত বন্টন ব্যর্থ হওয়ায় বিজ্ঞপ্তির দ্বারা অবগত করা হচ্ছে

**রিকভারি অফিসার-I/II-এর অফিস**
**ডেটস রিকভারি ট্রাইব্যুনাল কলকাতা (ডিআরটি ৩)**
৯ম তল, জীবন সুধা বিল্ডিং
৪২সি, জওহরলাল নেহরু রোড, কলকাতা - ৭০০০৭১

## দাবি নোটিশ

**১৯৯৩ সালের ডেটস অ্যান্ড ব্যাঙ্ক রাপ্টসি আইনের ধারা ২৫ থেকে ২৮ এবং ১৯৬১ সালের আয়কর আইনের সেকেন্ড সিডিউল এর রুল ২ অধীনে বিজ্ঞপ্তি।**

**RC/617/2024**
**ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া**
**বনাম**
**শ্রীমীত মায়া ভট্টাচার্য এবং অন্যান্য**

প্রতি
**(সিডি ১) শ্রীমতি মায়া ভট্টাচার্য,** স্বামী শ্রী সজল ভট্টাচার্য, ফ্ল্যাট নং ২এফ, উইং ১, ৮২/এ, রাজা এস সি মল্লিক রোড, কলকাতা- ৭০০০৪৭।
**আরও ঠিকানা :** ১৪, সেলিমপুর বাই লেন, ঢাকুরিয়া, থানা যাদবপুর, কলকাতা- ৭০০০৩১।
**আরও ঠিকানা :** ফ্ল্যাট নং ১ এবং ২, শ্রীজা অ্যাপার্টমেন্ট, এন-৩৫, বোস পাড়া, ১৭১, বিবেকানন্দ পার্ক, কলকাতা -৭০০০৮৪।
**(সিডি ২) শ্রী সজল ভট্টাচার্য,** পিতা প্রয়াত বাদলেন্দু ভট্টাচার্য, অরবিট সিটি কমপ্লেক্স, ফ্ল্যাট নং ২এফ, উইং ১, ৮২/এ, রাজা এস সি মল্লিক রোড, কলকাতা- ৭০০০৪৭।
**আরও ঠিকানা :** ১৪, সেলিমপুর বাই লেন, ঢাকুরিয়া, থানা যাদবপুর, কলকাতা- ৭০০০৩১।
**আরও ঠিকানা :** ফ্ল্যাট নং ১ এবং ২, শ্রীজা অ্যাপার্টমেন্ট, এন-৩৫, বোস পাড়া, ১৭১, বিবেকানন্দ পার্ক, কলকাতা -৭০০০৮৪।

এতদ্বারা বিজ্ঞাপিত হচ্ছে প্রিসাইডিং অফিসার, ডেটস রিকভারি ট্রাইব্যুনাল কলকাতা (ডিআরটি ৩) কর্তৃক ইস্যুকৃত রিকভারি সার্টিফিকেট **OA/31/2019** অনুযায়ী পরিমাণ **৪৫,৮৪,৩৮৯.৯৩ টাকা (পঁয়তাল্লিশ লাখ চুরাশি হাজার তিনশ উননব্বই টাকা এবং তিরানব্বই পয়সা) টাকা** পরবর্তী জরিমানা এবং ভবিষ্যত সুদ ১০.২৫ শতাংশ সরল হারে সুদ বার্ষিক **১৪.০১.২০১৯** থেকে সমুদয় শুল্ক **৪৮,০০০ (আটচল্লিশ হাজার টাকা) টাকা** আদায় পর্যন্ত যা আপনাদের দ্বারা বকেয়া রয়েছে (যৌথভাবে এবং সামগ্রিকভাবে/সম্পূর্ণ/ সীমিত)।

২. আপনাদের উল্লিখিত নির্দেশিত পরিমাণ ১৫ দিনের মধ্যে এই নোটিশ পাওয়ার তারিখ থেকে আদায় দিতে অনুরোধ করা হচ্ছে, অন্যথায় ব্যর্থ হলে রিকভারি অফ ডেটস ডিউ টু ব্যাঙ্কস অ্যান্ড ফিনান্সিয়াল ইনস্টিটিউশনস আইন ১৯৯৩ এবং সংশ্লিষ্ট রুল অধীনে আদায়ের ব্যবস্থা করা হবে।

৩. আপনাদের আরও নির্দেশ দেওয়া হচ্ছে হলফনামা দ্বারা আপনাদের সম্পত্তির বিস্তারিত পরবর্তী শুনানির তারিখে দাখিল করতে।

৪. আপনাদের নির্দেশ দেওয়া হচ্ছে নিম্ন স্বাক্ষরকারীর নিকট **২৪.০৪.২০২৬** তারিখে সকাল **১১.৩০টায়** পরবর্তী প্রক্রিয়ার জন্য হাজির হতে।

৫. উল্লিখিত পরিমাণের অতিরিক্তে আপনারা আরও যে পরিমাণ আদায়দানে দায়বদ্ধ :

ক) সংশ্লিষ্ট সার্টিফিকেট/প্রক্রিয়া শুরুর জন্য প্রেরিত নোটিশ অনুযায়ী আদায়যোগ্য সুদ সংশ্লিষ্ট সময়ের জন্য

খ) সমুদয় শুল্ক, ব্যয়, চার্জ, সংশ্লিষ্ট নোটিশ এবং সতর্ক নোটিশ প্রেরণ এবং অন্যান্য প্রক্রিয়ার জন্য যা সংশ্লিষ্ট বকেয়া পরিমাণ আদায়ের ক্ষেত্রে গ্রহণ করা হয়েছে।

স্বহস্তে ট্রাইব্যুনালের সিল প্রদত্ত
তারিখ : ০৪.০৯.২০২৫

স্বা/- প্রদীপ কুমার মন্ডল
রিকভারি অফিসার
ভারত সরকার
কলকাতা ডেটস রিকভারি ট্রাইব্যুনাল - ৩

## দক্ষিণ পূর্ব রেলওয়ে — টেন্ডার

ভারতের রাষ্ট্রপতির তরফে সিনিয়র ডিভিশনাল ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার(জি)/সাঁতরাগাছি, দঃপূঃ রেলওয়ে, খড়গপুর ডিভিশন নিম্নলিখিত বিবরণ অনুযায়ী ওয়েবসাইট **www.ireps.gov.in**-এ ই-টেন্ডারিংয়ের মাধ্যমে সংশ্লিষ্ট যোগ্য কন্ট্রাক্টরদের থেকে ওপেন টেন্ডার আহ্বান করছেন। কেবলমাত্র **www.ireps.gov.in** ওয়েবসাইটে অনলাইনে আবেদন করতে সংশ্লিষ্ট কন্ট্রাক্টরদের অনুরোধ জানানো হচ্ছে। এই টেন্ডারের প্রেক্ষিতে কোনো অফলাইন টেন্ডার গ্রাহ্য হবে না। বিশদ বিবরণের জন্য অনুগ্রহ করে ডকুমেন্ট শাখায় আপলোড করা টেন্ডার নথি দেখুন। যথাক্রমে **ক্রঃ নং ও টেন্ডার বিজ্ঞপ্তি নং; কাজের নাম; টেন্ডার মূল্য; ইএমডি/বিড সিকিউরিটি ঃ (১) ইলেক্ট-সিএইচজি-২৫-২৬-এলডিআরওয়াই-এস-৪০, তারিখ ১১.০২.২০২৬;** সাঁতরাগাছির লন্ড্রি বিল্ডিং-এর জন্য বৈদ্যুতিক কাজ; ৮৯,৪২,৬৮৪.৬৩ টাকা; ১,৭৮,৯০০ টাকা। **(২) ইলেক্ট-সিএইচজি-২৫-২৬এলআইএফটি-৪১, তারিখ ১১.০২.২০২৬;** খড়গপুর ডিভিশন- খড়গপুর ডিভিশনের অধীনে ০৭টি লিফ্টের (মৌরীগ্রাম- ০২ টি, নলপুর- ০১ টি, বাউড়িয়া-০১ টি, কুলগাছিয়া-০১ টি এবং দেউলটি-২টি) সরবরাহ, প্রতিস্থাপন, পরীক্ষণ ও চালুকরণ; ৩,৩৯,৪৩,০৪৯.১৬ টাকা; ৩,১৯,৭০০ টাকা। **টেন্ডার বন্ধের তারিখ ও সময় ঃ** ক্র. নং. ১ এর জন্য ১২.০৩.২০২৬ তারিখে সকাল ১০.৩০ মিনিট ও ক্র.নং. ২ এর জন্য ০৬.০৩.২০২৬ তারিখে সকাল ১০.৩০ মিনিট। টেন্ডার বিজ্ঞপ্তি, টেন্ডার নথিপত্র এবং অন্যান্য বিবরণ **www.ireps.gov.in**-এ দেওয়া আছে। **(PR-1179)**

## পূর্ব রেলওয়ে

**টেন্ডার বিজ্ঞপ্তি নংঃ ইএল/এইচডব্লুএইচ/২৫/২১(নোটিস)/৭৪০, তারিখঃ ১১.০২.২০২৬।** ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার, পূর্ব রেলওয়ে, হাওড়া ডিভিসন, নিউ ডিআরএম বিল্ডিং, ৫ম তল, রেল মিউজিয়ামের নিকটে, হাওড়া–৭১১১০১ নিম্নলিখিত বৈদ্যুতিক কাজের জন্য ওপেন ই–টেন্ডার আহ্বান করছেনঃ **টেন্ডার নং.ঃ ইএল–এইচডব্লুএইচ–২৫–২১–৩৪১৬, কাজের নামঃ** "হাওড়া ডিভিসনে নিউ ওএফসি রুম সহ পুরনো এবং জীর্ণ ওএফসি কন্টেনার প্রতিস্থাপন (ফেজ–I)" সম্পর্কিত বৈদ্যুতিক (জেনারেল) কাজ। **টেন্ডার মূল্যঃ** ৩৭,৯৬,০৯৫ টাকা। **বিড সিকিউরিটি (বায়না মূল্য জমা)ঃ** ৭৫,৯০০ টাকা। **সম্পূর্ণ করার সময়সীমাঃ** ১৮০ দিন। **টেন্ডার বন্ধের তারিখ ও সময়ঃ** ০৪.০৩.২০২৬ তারিখ দুপুর ৩টে। কোন কারণে টেন্ডার আহ্বায়ক বিজ্ঞপ্তিতে উল্লিখিত বন্ধের তারিখে ছুটি/বনধ্/স্ট্রাইক ঘোষিত হলে অনলাইনে টেন্ডার বন্ধের তারিখ পরিবর্তিত হবে না কারণ টেন্ডার বন্ধের তারিখ এবং সময়ের পরে যে কোনও অফার জমা করার আবেদন আইআরইপিএস ওয়েবসাইট অনুমোদন করে না। অবশ্য, টেন্ডার বন্ধের তারিখ এবং সময়ের পরে যে কোনও সুবিধাজনক দিনে অনলাইনে টেন্ডার খোলা হবে। টেন্ডারের বিস্তারিত বিবরণ **www.ireps.gov.in** ওয়েবসাইটে পাওয়া যাবে। উপরোক্ত ওয়েবসাইটে অনলাইনে তাঁদের অফার জমা করতে টেন্ডারদাতাদের অনুরোধ করা হচ্ছে।

HWH-612/2025-26

পূর্ব রেলওয়ে ওয়েবসাইটঃ www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in –এও টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway
@easternrailwayheadquarter

## BARRACKPORE MUNICIPALITY

**B.T. ROAD, TALPUKUR, KOLKATA-700123.**

**TENDER NOTICE**

**No. 59/25-26/FCXVSWM/T Dated 12.02.2026.**

e-tender is invited by the Chairman, Barrackpore Municipality from the eligible agency for Different Development Works. Last date of submission of tender: **21.02.2026 up to 12 noon.** The detail tender notice may be seen in the **www.wbtenders.gov.in,** Notice Board of Barrackpore Municipality, SDO, Barrackpore, Station Manager, Barrackpore Railway Station.

**S/d. Uttam Das.**
**Chairman**
**Barrackpore Municipality**

## BARRACKPORE MUNICIPALITY

**B.T. ROAD, TALPUKUR, KOLKATA-700123.**

**TENDER NOTICE**

**No. 60/25-26/FCXV/T Dated 12.02.2026.**

e-tender is invited by the Chairman, Barrackpore Municipality from the eligible agency for Different Development Works. Last date of submission of tender: **21.02.2026 up to 12 noon.** The detail tender notice may be seen in the **www.wbtenders.gov.in,** Notice Board of Barrackpore Municipality, SDO, Barrackpore, Station Manager, Barrackpore Railway Station.

**S/d. Uttam Das.**
**Chairman**
**Barrackpore Municipality**

## BARRACKPORE MUNICIPALITY

**B.T. ROAD, TALPUKUR, KOLKATA-700123.**

**TENDER NOTICE**

**No. 145/FCXV/PWD/T/25-26 Dated 12.02.2026.**

e-tender is invited by the Chairman, Barrackpore Municipality from the eligible agency for Different Development Works. Last date of submission of tender: **21.02.2026 up to 12 noon.** The detail tender notice may be seen in the **www.wbtenders.gov.in,** Notice Board of Barrackpore Municipality, SDO, Barrackpore, Station Manager, Barrackpore Railway Station.

**S/d. Uttam Das.**
**Chairman**
**Barrackpore Municipality**

## শালিমার ওয়্যারস্ ইন্ডাস্ট্রিজ লিমিটেড

**CIN : L74140WB1996PLC081521**
**রেজিস্টার্ড অফিস :** ২৫, গণেশচন্দ্র এভিনিউ, কলকাতা-৭০০০১৩
**টেলি:** ৯১-৩৩-২২৩৪৯৩০৮/০৯/১০, **ফ্যাক্স:** ৯১-৩৩-২২১১ ৬৮৮০
**ই-মেল আইডি :** kejriwal@shalimarwires.com, **ওয়েবসাইট:** www.shalimarwires.com

**৩১ ডিসেম্বর, ২০২৫ তারিখ সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাসের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণ**

টাকার অঙ্ক লাখে

| ক্রম নং | বিবরণ | ৩ মাস সমাপ্ত (৩১/১২/২০২৫) অনিরীক্ষিত | ৩ মাস সমাপ্ত (৩০/০৯/২০২৫) অনিরীক্ষিত | ৩ মাস সমাপ্ত (৩১/১২/২০২৪) অনিরীক্ষিত | নয় মাস সমাপ্ত (৩১/১২/২০২৫) অনিরীক্ষিত | নয় মাস সমাপ্ত (৩১/১২/২০২৪) অনিরীক্ষিত | বর্ষ সমাপ্ত (৩১/০৩/২০২৫) নিরীক্ষিত |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | কার্যাদি থেকে মোট আয় | ৩,৫০৩.৬৬ | ৩,৫৯৮.১৭ | ৩,০৮৮.৩৬ | ১০,৩৮৫.৮০ | ৯,৫৫৮.৯৮ | ১৩,১৯৩.৮৬ |
| ২ | নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য (কর, ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পূর্ব) | ১০০.৬৫ | ১৪৮.৩২ | ৩৯.৭৭ | ৩৫০.৩৩ | ১৪৫.৯৬ | ১৯৮.২৫ |
| ৩ | নিট লাভ/(ক্ষতি) কর পূর্ব সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী) | ১০০.৬৫ | ১৪৮.৩২ | ৩৯.৭৭ | ৩৫০.৩৩ | ১৪৫.৯৬ | ২৩৪.১২ |
| ৪ | নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী) | ১০০.৬৫ | ১৪৮.৩২ | ৩৯.৭৭ | ৩৫০.৩৩ | ১৪৫.৯৬ | ২৩৪.১২ |
| ৫ | মোট ব্যাপক আয় সময়কালের জন্য [(কর পরবর্তী) সময়কালের জন্য অন্তর্গত লাভ/(ক্ষতি) এবং (কর পরবর্তী) অন্যান্য ব্যাপক আয়] | ১০০.৬৫ | ১৪৮.৩২ | ৩৯.৭৭ | ৩৫০.৩৩ | ১৪৫.৯৬ | ২৬৫.৮৮ |
| ৬ | ইক্যুইটি শেয়ার মূলধন | ৮৫৫.১০ | ৮৫৫.১০ | ৮৫৫.১০ | ৮৫৫.১০ | ৮৫৫.১০ | ৮৫৫.১০ |
| ৭ | অন্যান্য ইক্যুইটি | - | - | - | ৩,২১৯.৭২ | ২,৭৪৯.৪৮ | ২,৮৬৯.৩৯ |
| ৮ | শেয়ার প্রতি আয় (২/- টাকা প্রতিটি) (চলতি এবং অচলতি কার্যাদির জন্য) | | | | | | |
| | মৌলিক | ০.২৪ | ০.৩৫ | ০.০৯ | ০.৮২ | ০.৩৪ | ০.৫৫ |
| | মিশ্রিত | ০.২৪ | ০.৩৫ | ০.০৯ | ০.৮২ | ০.৩৪ | ০.৫৫ |

**দ্রষ্টব্য :**

১. উপরের ফর্ম্যাট ৩১ ডিসেম্বর, ২০২৫ তারিখে ৩য় ত্রৈমাসিক এবং নয় মাসের কোম্পানির অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাটের সারাংশ যা সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫ -এর রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে ফাইল করা হয়েছে। কোম্পানির ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাটটি কোম্পানির এবং স্টক এক্সচেঞ্জ(সমূহ)-র ওয়েবসাইট থেকে পাওয়া যাবে।

শালিমার ওয়্যারস ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর পক্ষে
সুনীল খৈতান
চেয়ারম্যান এবং ম্যানেজিং ডিরেক্টর
DIN No. 00385961

স্থান : কলকাতা
তারিখ : ১২ ফেব্রুয়ারি, ২০২৬

# নতুন নিয়মে নির্বিঘ্নে সম্পন্ন উচ্চমাধ্যমিকের প্রথম পরীক্ষা



**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** রাজ্যে শুরু হল উচ্চমাধ্যমিকের চতুর্থ সেমেস্টার। চলতি বছর প্রথমবার পরীক্ষাব্যবস্থা বিভাজিত ধাপে অনুষ্ঠিত হচ্ছে, তার উপর বিধানসভা নির্বাচনের সম্ভাব্য সূচি মাথায় রেখে সময় এগিয়ে আনা হয়েছে। ফলে পরীক্ষার্থীদের উপর চাপ বেড়েছে বলে মত অভিভাবকদের একাংশের। এক অভিভাবকের কথায়, নতুন পদ্ধতি, বদলে যাওয়া সময়সূচি; সব মিলিয়ে মানসিক চাপটা বেশি।

তবে উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ আশাবাদী। তাদের বক্তব্য, তৃতীয় সেমেস্টার ছিল সম্পূর্ণ অবজেক্টিভ ভিত্তিক, আর চতুর্থ সেমেস্টারে বর্ণনাধর্মী প্রশ্ন থাকায় নম্বর তোলার সুযোগ বাড়বে। এক কর্তার দাবি, পরীক্ষার্থীরা প্রস্তুত। ফলাফল ইতিবাচক হবে বলেই আমাদের বিশ্বাস। বৃহস্পতিবার সকাল দশটা থেকে পরীক্ষা শুরু হয়েছে, চলবে ২৭ ফেব্রুয়ারি পর্যন্ত। একই দিনে চতুর্থ সেমেস্টার, তৃতীয় সেমেস্টারে অনুত্তীর্ণ ও পুরনো পদ্ধতির পরীক্ষার্থীরা আলাদা সময়ে পরীক্ষায় বসছে। সব মিলিয়ে প্রায় সাড়ে সাত লক্ষ পরীক্ষার্থী অংশ নিচ্ছে, যার মধ্যে ছাত্রীদের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বেশি। এ বছর জেল থেকে কোনও পরীক্ষার্থী পরীক্ষায় বসেননি। তবে অসুস্থতার কারণে ১০ জন পরীক্ষার্থীকে হাসপাতাল থেকেই বিশেষ ব্যবস্থায় পরীক্ষা দিতে হয়েছে। সব ক্ষেত্রেই নজরদারি ছিল কঠোর।

প্রথম দিনের পরীক্ষা শান্তিপূর্ণভাবে হওয়ায় স্বস্তিতে শিক্ষা দপ্তর। সংসদ সূত্রে জানানো হয়েছে, আমরা চাই আগামী দিনগুলিতেও একই শৃঙ্খলা বজায় থাকুক। রাজ্যজুড়ে ২১০৩টি কেন্দ্রে কড়া নিরাপত্তা বলয়। ইলেকট্রনিক যন্ত্র সম্পূর্ণ নিষিদ্ধ; প্রবেশপথে মেটাল ডিটেক্টর দিয়ে তল্লাশি চলছে। নির্দিষ্ট সময়ের পরে পৌঁছলেও বিশেষ ক্ষেত্রে পরীক্ষায় বসার সুযোগ দেওয়া হয়েছে কয়েকজনকে। সংসদের স্পষ্ট বার্তা, নিয়মভঙ্গ প্রমাণিত হলে পরীক্ষাই বাতিল। নতুন কাঠামোয় প্রথম বড় পরীক্ষা ঘিরে তাই সতর্ক প্রশাসন, সজাগ দৃষ্টি রেখেছে।

# এক নম্বরের ভুলে প্যানেল থেকে বাদ, এসএসসির জবাব তলব আদালতের



**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** মাত্র এক নম্বরের ব্যবধানে ইন্টারভিউ তালিকা থেকে বাদ পড়ে আদালতের দ্বারস্থ হলেন এক পরীক্ষার্থী। ঘটনাকে কেন্দ্র করে স্কুল সার্ভিস কমিশনের (এসএসসি) ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি অমৃতা সিনহা কমিশনের কাছে বিস্তারিত ব্যাখ্যা চেয়ে ২০ ফেব্রুয়ারির মধ্যে রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন। পরবর্তী শুনানি ২৫ ফেব্রুয়ারি।

জানা গিয়েছে, এসএলএসটি ২০২৫-এর দ্বিতীয় পর্যায়ের পরীক্ষার আবেদন করতে গিয়ে অনলাইনে স্নাতকোত্তরের প্রাপ্ত নম্বর ভুল বসান ওই প্রার্থী। মোট ৬০০ নম্বরের মধ্যে তাঁর প্রাপ্তি ছিল ৬০ শতাংশ। কিন্তু ফর্ম পূরণের সময় অসাবধানতাবশত কম নম্বর নথিভুক্ত হয়। সেই ত্রুটির জেরে অ্যাকাডেমিক স্কোরে কম নম্বর যোগ হয় এবং চূড়ান্ত কাট-অফের থেকে এক নম্বর পিছিয়ে পড়েন তিনি। আদালতে আবেদনকারীর আইনজীবী ফিরদৌস শামিম ও গোপা বিশ্বাস বলেন, নাম, বয়স বা অন্যান্য বিভাগে সংশোধনের সুযোগ থাকলেও শিক্ষাগত নম্বরের ক্ষেত্রে সম্পাদনার ব্যবস্থা ছিল না। ভুল ধরা পড়ার পর কমিশনকে জানানো হলেও সংশোধন করা হয়নি। তাঁদের দাবি, কর্তৃপক্ষ আশ্বাস দিয়েও প্রতিশ্রুতি রক্ষা করেনি। অন্যদিকে কমিশনের বক্তব্য, ইন্টারভিউ তালিকা ও প্যানেল ইতিমধ্যেই চূড়ান্ত। এই পর্যায়ে পরিবর্তন সম্ভব নয়। বিচারপতি প্রশ্ন তোলেন, ভুলটি চিহ্নিত হওয়ার পরেও সংশোধনের সুযোগ দেওয়া হল না কেন? আদালতের নজর এখন কমিশনের জবাবের দিকে।

## বন্দে মাতরম বিতর্কে তীব্র বাকযুদ্ধ

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** জাতীয় গান পরিবেশন নিয়ে কেন্দ্রীয় নির্দেশিকাকে ঘিরে রবীন্দ্রনাথ ঠাকুর ও বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়কে সামনে এনে তুঙ্গে রাজনৈতিক তরজা। ভোটের আগে মনীষীদের নাম ঘিরে এমন সংঘাতকে অনেকেই 'অস্বাস্থ্যকর প্রবণতা' বলেই মনে করছেন। সরকারি অনুষ্ঠানে 'বন্দে মাতরম'-এর নির্দিষ্ট অংশ গাওয়ার নির্দেশ জারির পর রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু সরব হয়ে বলেন, রবীন্দ্রনাথের উদার মানবতাবাদ অনেকের সহ্য হয়নি। আজ বঙ্কিমচন্দ্রকে সামনে রেখে অন্য এক মনীষীকে আড়াল করার চেষ্টা চলছে। তাঁর অভিযোগ, মনীষীদের বিভাজনের রাজনীতিতে টেনে এনে সাংস্কৃতিক ঐতিহ্যকে বিকৃত করা হচ্ছে। এই বক্তব্যের কড়া জবাব দিয়েছে গেরুয়া শিবির। বিজেপি রাজ্য নেতৃত্বের দাবি, বন্দে মাতরমের পূর্ণ মর্যাদা নিশ্চিত করতেই কেন্দ্র উদ্যোগ নিয়েছে।

# কলকাতায় 'যুব সাথী' শিবির শুরু ১৬ ফেব্রুয়ারি



**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** রাজ্যের তরুণদের আর্থিক সহায়তার লক্ষ্যে ঘোষিত 'যুব সাথী' কর্মসূচি বাস্তবায়নে এবার সরাসরি উদ্যোগ নিল কলকাতা পুরনিগম। মেয়র পরিষদের বৈঠকে সিদ্ধান্ত হয়েছে, ১৬ থেকে ২৫ ফেব্রুয়ারি পর্যন্ত মহানগরের সব বোরো অফিসে বিশেষ শিবির বসবে। সেখানেই আবেদনপত্র বিলি ও জমা নেওয়ার প্রক্রিয়া সম্পন্ন হবে। পুর প্রশাসনের সামাজিক উন্নয়ন শাখা সূত্রে জানা গিয়েছে, নির্দিষ্ট ছাপা ও স্বীকৃত ফর্মই দেওয়া হবে আবেদনকারীদের হাতে। মাধ্যমিক পরীক্ষার প্রবেশপত্র ও উত্তীর্ণের প্রমাণপত্র দেখাতে হবে বাধ্যতামূলকভাবে। শিবিরেই ফর্ম পূরণ করে জমা নেওয়া হবে। পরে প্রতিটি ওয়ার্ড স্তরে যাচাই করে দেখা হবে প্রার্থী নির্ধারিত শর্ত পূরণ করছেন কি না। যাচাই শেষ হলে ব্যাংকের বিবরণ সংগ্রহ করা হবে। সব প্রক্রিয়া সম্পন্ন হলে এপ্রিলের প্রথম দিন থেকেই নির্বাচিতদের হিসাবে অর্থ পাঠানো শুরু হবে।

মেয়র পারিষদ মিতালি বন্দ্যোপাধ্যায় বলেন, প্রতিটি বোরোতে সহায়ক ডেস্ক থাকবে। ২১ থেকে ৪০ বছর বয়সিদের আবেদন গ্রহণ করা হবে। প্রতি মাসে দেড় হাজার টাকা করে সহায়তা দেওয়ার প্রস্তুতি চলছে।

পুরনিগমের ১৬টি বোরোতেই এই কর্মসূচি চলবে। শিবিরের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে অতিরিক্ত কর্মী নিয়োগের সিদ্ধান্তও হয়েছে। পাশাপাশি, চলতি বছরে বিপুল সংখ্যক সামাজিক সুরক্ষা প্রকল্পের আবেদন মঞ্জুরের কথাও জানানো হয়েছে প্রশাসনের তরফে।

## বাম শিবিরে ভাঙন, আসন নিয়ে টানাপোড়েন

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** ভোটের আগে ঐক্যের স্লোগান তুললেও বাস্তবে বাম শিবিরের ভেতরেই অস্বস্তি স্পষ্ট। দীর্ঘদিনের সঙ্গী কংগ্রেস আলাদা পথে হাঁটার সিদ্ধান্ত নেওয়ার পর থেকেই শরিক দলগুলির মধ্যে আসন ভাগাভাগি নিয়ে টানাপোড়েন তীব্র হয়েছে। আলোচনার পর আলোচনা চললেও চূড়ান্ত রফা এখনও অধরাই। আলিমুদ্দিন ঘনিষ্ঠ এক নেতা স্বীকার করেন, আগের সমীকরণে আর কাজ হচ্ছে না। কার কতটা প্রভাব, সেই হিসেবেই ভাগ চাওয়া হচ্ছে। তাই সমাধান জটিল হচ্ছে। শরিকদের দাবি-দাওয়ার তালিকা দীর্ঘ। কেউ বাড়তি আসন চাইছে, কেউ আবার নির্দিষ্ট অঞ্চল ছাড়তে নারাজ। ফলে পারস্পরিক অবিশ্বাসই এখন বড় বাধা হয়ে দাঁড়িয়েছে। এদিকে প্রধান শরিক দল সম্ভাব্য প্রার্থীদের খসড়া তৈরি করে ফেলেছে।

# ফের দখলে ফুটপাথ, প্রশ্নের মুখে হকার নিয়ন্ত্রণ



**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** শহরের ব্যস্ততম এলাকাগুলিতে আবারও পথচলার জায়গা সঙ্কুচিত। ফুটপাথ জুড়ে অনিয়ন্ত্রিত বসতি, কোথাও রাস্তার গায়েও দোকান। কয়েক বছর আগে কড়া নিয়ম জারি করে পরিস্থিতি সামাল দেওয়ার উদ্যোগ নিয়েছিল পুরসভা। কিন্তু সময়ের সঙ্গে সেই কঠোরতা যে অনেকটাই আলগা হয়েছে, তা স্পষ্ট হাতিবাগান থেকে গড়িয়াহাট, শিয়ালদহ থেকে নিউ মার্কেট সর্বত্রই। অন্যদিকে পথচারীদের একাংশের দাবি, ফুটপাথ দিয়ে হাঁটাই দায়। বাজার এলাকাগুলিতে প্রায় রাস্তায় নেমে চলতে হচ্ছে। পুরসভার দায়িত্বপ্রাপ্ত মেয়র পারিষদ দেবাশিস কুমার বলেন, কোনও প্রক্রিয়া বন্ধ হয়নি। সমস্যার গভীরতা অনেক। ধাপে ধাপে সমাধানের চেষ্টা চলছে। নবান্ন থেকে অতীতে ক্ষোভ প্রকাশের পর যে কড়াকড়ি শুরু হয়েছিল, তা কেন শিথিল হল; সেই প্রশ্নই এখন শহরবাসীর মুখে।

একদা সমীক্ষা চালিয়ে বিপুল সংখ্যক পথবিক্রেতাকে চিহ্নিত করা হয়েছিল। নির্দিষ্ট সীমানা টেনে দেওয়া, চলাচলের পথ খোলা রাখা, স্থায়ী কাঠামো নিষিদ্ধ; এমন একগুচ্ছ বিধি কার্যকর হয়েছিল। এখন বহু জায়গায় সেই চিহ্ন মুছে গিয়েছে। অভিযোগ, শংসাপত্র বিতরণের কাজও আর আগের গতিতে এগোচ্ছে না। হকার সংগঠনের এক নেতা বলেন, অধিকাংশ বিক্রেতাই নির্ধারিত শর্ত মেনেই ব্যবসা করছেন। বিচ্ছিন্ন কিছু অভিযোগকে কেন্দ্র করে সামগ্রিক ছবিটা বিচার করা ঠিক নয়।

## সিটুর ধাঁচে আইএনটিটিইউসি চলছে: অর্জুন সিং

**নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর:** বাম সমর্থিত একাধিক শ্রমিক সংগঠনের ডাকা দেশ জুড়ে ২৪ ঘণ্টার ধর্মঘটে শিল্পাঞ্চলে তেমন প্রভাবই পড়েনি। কারণ, এখানকার একাধিক জুটমিল এমনিতেই বন্ধ। বামপন্থী শ্রমিক সংগঠনগুলোর ডাকা ধর্মঘট নিয়ে বৃহস্পতিবার শ্রমিক নেতা তথা প্রাক্তন সাংসদ অর্জুন সিং বলেন, সিটুর ধাঁচে আইএনটিটিইউসি চলছে। ৩৪ বছর সিপিএম এবং ১৫ বছর তৃণমূল এই বাংলাকে ৪৯ বছর পিছিয়ে দিয়েছে। তাঁর দাবি, তৃণমূল সরকার পরিচালনা করছে সিটুকে। সিটুকে দিয়ে তৃণমূল বন্ধ ডেকেছে। শ্রমিক নেতা অর্জুন সিং বলেন, শিল্পাঞ্চলে আজ একাধিক কারখানা অচল। অথচ কারখানার গোডাউন ভাড়ায় চলছে। মিল কম্পাউন্ডে সিনেমার শুটিং চলছে। তাঁর কটাক্ষ, যেখানে কারখানাই বন্ধ, সেখানে আবার ধর্মঘট কিসের। তিনি আক্ষেপের সুরে বলেন, শ্রমমন্ত্রী বৈঠক ডাকলে সিটুর প্রতিনিধিরা ফিশ-ফ্রাই খেয়ে চলে আসে। তাঁর দাবি, শ্রমমন্ত্রীকে ঘেরাও করা দরকার। সেই ঘেরাও কর্মসূচিতে তিনিও হাজির থাকবেন। তাঁর সাফ বক্তব্য, বাংলায় একেতে শিল্প নেই। যেখানে ১২-১৩টা জুটমিল বন্ধ। তার মধ্যে এই ধর্মঘট। তাঁর অভিযোগ, রাজ্য সরকারের উদাসীনতায় জুট শিল্পের পরিস্থিতি আজ খারাপ। তাঁর কথায়, কেন্দ্রের সরকার জুটের বস্তা কিনছে। কেন্দ্র জুটের বস্তার দাম বাড়িয়েছে। অথচ রাজ্য সরকার জুটের ব্যাগ কিনছে না। বাংলাদেশের নির্বাচন নিয়ে পদ্ম শিবিরের লড়াকু নেতা অর্জুন সিং বলেন, ওখানে জেহাদিরা ছাপ্পা ভোট দিয়ে ক্ষমতায় আসবে। বাংলাদেশে ভোটের নামে প্রহসন হয়। তাঁর অভিযোগ, কোনও অপরাধ ছাড়াই ইসকনের মহারাজ চিন্ময় কৃষ্ণ দাসকে জেলবন্দি করে রাখা হয়েছে। তিনি বলেন, ভারতের প্রধানমন্ত্রীর কাছে সকলকে আবেদন করতে হবে, যাতে উনি ওপারের সনাতনীদের বাঁচাতে উদ্যোগ নেন। তিনি আক্ষেপের সুরে বলেন, বাংলাদেশে হিন্দুরা থাকতে পারছে না। তাছাড়া ওদেশে হিন্দু সংগঠনগুলো ঠিকমতো লড়াই করতে পারছে না। কিন্তু নিজের ধর্ম রক্ষার্থে সনাতনীদের লড়াই করতে হবে। মুখ্যমন্ত্রীকে নিশানা করে তিনি বলেন, পশ্চিমবাংলাকে মমতা ব্যানার্জি 'প্রসারিত বাংলাদেশ' বানানোর চক্রান্ত করছেন। এমনকী বহু হিন্দু নিজেদের স্বার্থে সেই চক্রান্তে সামিল হয়েছেন। তাঁর দাবি, বাংলায় নয়টি জেলার ডেমোগ্রাফি বদলে গিয়েছে। মুর্শিদাবাদে বাবরি মসজিদ তৈরি হচ্ছে। প্রাক্তন সাংসদের সাফ বক্তব্য, প্রসারিত বাংলাদেশ তাঁরা কিছুতেই হতে দেবেন না। বাবরি মসজিদও ভাঙা হবে। বাংলাদেশের হিন্দুদের পাশে দাঁড়িয়ে ওদেরকে সমস্ত ধরনের সহযোগিতা করা হবে।

# আতঙ্ক নয়, তৎপরতাই সুরক্ষা, সাইবার হেল্পলাইনে অভিযোগের ঢল

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** চালু হওয়ার কয়েক ঘণ্টার মধ্যেই নাগরিক সাড়া কার্যত উপচে পড়ল। কলকাতা পুলিশের নতুন ২৪ ঘণ্টার সাইবার সহায়তা নম্বরে প্রথম দিনেই দুই শতাধিক ফোন আসে। লালবাজারের এক শীর্ষ কর্তার কথায়, প্রথম দিনেই এত কল পাওয়া প্রমাণ করছে মানুষ দ্রুত সহায়তা চাইছেন এবং ভরসা রাখছেন। পুলিশের সাইবার বিশেষজ্ঞদের মতে, প্রতারণার পরে প্রথম এক ঘণ্টা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেই সময়ের মধ্যে অভিযোগ নথিভুক্ত করা গেলে অর্থ আটকে দেওয়া বা ফিরিয়ে আনার সম্ভাবনা বাড়ে। ইতিমধ্যেই প্রায় এক-চতুর্থাংশ ক্ষেত্রে টাকা পুনরুদ্ধারে সাফল্য মিলেছে বলে দাবি পুলিশের। নতুন পরিষেবা চালুর ফলে সেই হার আরও বাড়বে বলে আশাবাদী কর্তারা। পুলিশ কমিশনার সুপ্রতিম সরকার আবেদন জানিয়ে বলেন, সাইবার জালিয়াতির শিকার হলে দেরি করবেন না। ১৮০০-৩৪৫০০৬৬ নম্বরে ফোন করুন। দ্রুত পদক্ষেপই পার্থক্য গড়ে দেয়।

এই নম্বরে যোগাযোগ করলে অভিযোগ দায়েরের প্রক্রিয়া, সংশ্লিষ্ট থানার তথ্য, ব্যাংকে কীভাবে সতর্কবার্তা পাঠাতে হবে কিংবা হ্যাক হওয়া সামাজিক মাধ্যমের অ্যাকাউন্ট পুনরুদ্ধারের প্রাথমিক উপায় জানিয়ে দেওয়া হচ্ছে। ব্যাংক জালিয়াতি, ভুয়ো কেওয়াইসি আপডেট, প্রতারণামূলক ঋণ অ্যাপ বা অনলাইন কেনাকাটায় টাকা খোয়া যাওয়ার মতো অভিযোগই বেশি। পুলিশের মতে, আতঙ্ক নয়;তৎপরতাই সুরক্ষা। নতুন হেল্পলাইন সেই তৎপরতারই দ্রুততম পদক্ষেপ।

# সরকারি রিসর্টেই এবার স্বপ্নের বিয়ে, নয়া উদ্যোগে পর্যটন দপ্তর

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** রূপকথার মতো বিয়ের আয়োজন আর শুধু তারকাদের জন্য নয়; মধ্যবিত্তের নাগালেই সেই স্বপ্ন পৌঁছে দিতে উদ্যোগী রাজ্য। পর্যটন দপ্তর সিদ্ধান্ত নিয়েছে, তাদের নিয়ন্ত্রণাধীন নির্বাচিত আবাসনগুলিকে সাজিয়ে তোলা হবে বিয়ের উপযোগী করে। পাহাড়, সমুদ্র কিংবা জঙ্গলঘেরা প্রান্তর; বিভিন্ন পর্যটনকেন্দ্রেই তৈরি হবে পূর্ণাঙ্গ আয়োজনের পরিকাঠামো। সম্প্রতি আয়োজিত এক শিল্প, পর্যটন বৈঠকে অতিরিক্ত প্রধান সচিব বরুণ রায় জানান, শুধু থাকার ব্যবস্থা নয়, সমগ্র অনুষ্ঠান এক ছাদের তলায় সম্পন্ন করার সুবিধাই আমাদের লক্ষ্য। আধুনিক ভোজসভা কক্ষ, নবদম্পতির জন্য বিশেষ স্যুট এবং উন্নত অতিথি-আবাস; সব মিলিয়ে সরকারি রিসর্টগুলিকে নতুন আঙ্গিকে গড়ে তোলা হচ্ছে। লক্ষ্য, আগামী শীতের মরশুমেই পরিষেবা চালু। দপ্তরের নোডাল সংস্থার অধীনে থাকা প্রায় চল্লিশটি আবাসনকে ধাপে ধাপে উন্নত করা হবে। খরচ এমনভাবে নির্ধারণের পরিকল্পনা, যাতে তা সাধারণ পরিবারের সাধ্যের বাইরে না যায়। এক পর্যটন ব্যবসায়ীর কথায়, এক জায়গায় থাকা, খাওয়া আর বিয়ের সব আয়োজন হলে ঝামেলা কমে, খরচও নিয়ন্ত্রণে থাকে। পর্যটন মন্ত্রী ইন্দ্রনীল সেন বেসরকারি অংশীদারদের সহযোগিতার আহ্বান জানিয়ে বলেন, নীতিনির্ধারণে শিল্পমহলের মতামত গুরুত্ব পাবে। পাশাপাশি অ্যাডভেঞ্চার পর্যটনেও জোর দেওয়ার কথা ঘোষণা হয়েছে। নিরাপত্তাকে অগ্রাধিকার দিয়ে হাইকিং, ট্রেকিং বা বেলুন-ভ্রমণের মতো কার্যক্রমে প্রশিক্ষিত কর্মী গড়ে তোলার পরিকল্পনাও নেওয়া হয়েছে।

## কনস্টেবল পরীক্ষায় দুর্নীতি, স্বচ্ছতার নির্দেশ হাইকোর্টের

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** রাজ্য পুলিশে কনস্টেবল নিয়োগ প্রক্রিয়া ঘিরে স্বচ্ছতা নিয়ে প্রশ্ন উঠতেই কড়া অবস্থান নিল কলকাতা হাইকোর্ট। লিখিত পরীক্ষায় সফল সব প্রার্থীর নাম, প্রাপ্ত নম্বর এবং তাঁরা কোন সংরক্ষিত শ্রেণিতে অন্তর্ভুক্ত; এই তথ্য সমেত পূর্ণাঙ্গ তালিকা প্রকাশের নির্দেশ দিয়েছেন বিচারপতি সৌগত ভট্টাচার্য। এর আগে একই নির্দেশ দেওয়া হলেও নতুন এক আবেদনের প্রেক্ষিতে আদালত ফের তা স্পষ্ট করে জানাল। প্রায় ন'লক্ষ পরীক্ষার্থী অংশ নিয়েছিলেন এই প্রতিযোগিতায়। পরবর্তী ধাপে শারীরিক সক্ষমতা ও মাপজোখের জন্য যে তালিকা প্রকাশিত হয়, সেখানে একাধিক পরীক্ষার্থীর নাম না থাকায় অসন্তোষ তৈরি হয়। আদালতে আবেদনকারীদের আইনজীবীরা বলেন, কে কত নম্বর পেয়েছেন বা কোন কোটা থেকে সুযোগ পেয়েছেন, তা প্রকাশ না হওয়ায় বিভ্রান্তি তৈরি হয়েছে।




*শিল্প ধর্মঘট সমর্থনে কেন্দ্রীয় শ্রমিক সংগঠনের সদস্যরা মিছিল করলেন আচার্য জগদীশচন্দ্র বোস রোডে।*
*ছবি: অদিতি সাহা*

# অর্থ নেব, কিন্তু হিসাব দেব না, এভাবে কোনও প্রশাসন চলতে পারে না: শমীক



**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** কেন্দ্রীয় কল্যাণমূলক প্রকল্প বাস্তবায়ন, কৃষক আত্মহত্যা এবং রাজ্যের রাজনৈতিক পরিস্থিতি; একাধিক ইস্যুতে বৃহস্পতিবার তীব্র ভাষায় রাজ্য সরকারকে আক্রমণ করলেন বিজেপি রাজ্য সভাপতি ও রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য। তিনি অভিযোগ করেন, কেন্দ্রীয় প্রকল্পের অর্থপ্রবাহে রাজ্যের প্রশাসনিক অনীহাই প্রধান বাধা। তাঁর কথায়, কেন্দ্রের হিসাব স্বচ্ছ। টাকা নিতে হলে প্রাপকের বিবরণ দিতে হবে। অর্থ নেব, কিন্তু হিসাব দেব না এভাবে কোনও প্রশাসন চলতে পারে না। এই অবস্থানকে তিনি আর্থিক শৃঙ্খলার পরিপন্থী বলেও মন্তব্য করেন। কৃষক প্রসঙ্গ টেনে শমীক বলেন, রাজ্যে কতজন কৃষক আত্মহত্যা করেছেন, তার স্পষ্ট পরিসংখ্যান সামনে আনা হোক। তিনি আরও দাবি করেন, অতীতে যেমন মৃত্যুর কারণ নিয়ে ব্যাখ্যা বদলানো হয়েছে, এখনও তেমন প্রবণতা দেখা যাচ্ছে। রাজ্যের রাজনৈতিক পরিবেশ নিয়েও উদ্বেগ প্রকাশ করে তাঁর বক্তব্য, বিভাজনের রাজনীতি মানুষের মধ্যে অনাস্থা তৈরি করেছে। এর ফল ভুগছেন সাধারণ মানুষ। পাশাপাশি তিনি দাবি করেন, দীর্ঘ পনেরো বছরে যা করার ছিল, তা হয়নি। পরিবর্তনের প্রয়োজন অনুভব করছেন মানুষই। রাজ্য সরকারের তরফে এদিন তাঁর মন্তব্যের প্রতিক্রিয়া মেলেনি। তবে রাজনৈতিক মহলে নতুন করে শুরু হয়েছে তরজা।

# শীত বিদায়ের পালা, তিলোত্তমার পারদ ছুঁল ১৬ ডিগ্রি

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** মাঘ শেষ হওয়ার আগেই আবহাওয়ার পালাবদল স্পষ্ট। উত্তুরে হাওয়ার প্রবাহ থাকলেও তার তেজ অনেকটাই কমেছে। দিন দীর্ঘ হচ্ছে, রোদ ঝকঝকে; ফলে সকালের শিরশিরানি দ্রুত মিলিয়ে গিয়ে দুপুরে বাড়ছে আরামদায়ক উষ্ণতা। আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় অধিকর্তা হাবিবুর রহমান বিশ্বাস জানালেন, এই সময় এমন পরিবর্তন অস্বাভাবিক নয়। আগামী সপ্তাহ জুড়ে মূলত শুকনো আবহাওয়াই থাকবে। পূর্বাভাস অনুযায়ী, দক্ষিণ ও উত্তরবঙ্গ জুড়ে রাতের পারদ ধীরে ধীরে চড়বে। যেসব জেলায় তাপমাত্রা স্বাভাবিকের নিচে রয়েছে, সেখানেও দু'-এক দিনের মধ্যে স্বাভাবিক মানে পৌঁছনোর ইঙ্গিত। কলকাতায় ভোরে সামান্য কুয়াশা থাকলেও দিনের আকাশ পরিষ্কার। বৃহস্পতিবার মহানগরে সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রির কাছাকাছি, সর্বনিম্ন প্রায় ১৬ ডিগ্রি। উত্তরবঙ্গের সমতলে পারদ ১২ থেকে ১৫ ডিগ্রির মধ্যে ঘোরাফেরা করছে, পাহাড়ে আরও কম। দার্জিলিংয়ে ভোরের তাপমাত্রা চার ডিগ্রির আশেপাশে নেমেছে। দক্ষিণবঙ্গের পশ্চিমাঞ্চলে রাতের তাপমাত্রা ১৪-১৭ ডিগ্রি, উপকূলে কিছুটা বেশি।

কুয়াশা নিয়ে বড়সড় সতর্কতা নেই, যদিও উত্তর দিনাজপুর, জলপাইগুড়ি বা কোচবিহারের কিছু অংশে হালকা আবছায়া দেখা যেতে পারে। আগামী কয়েক দিনে দিনের তাপমাত্রা ৩০ ডিগ্রির দোরগোড়ায় পৌঁছতে পারে। আবহাওয়াবিদদের মতে, বসন্তের আগমনী সুর ইতিমধ্যেই শোনা যাচ্ছে।


## সম্পাদকীয়

### ভুয়ো ভোটার বাদ, আবাসনে বুথ, কমছে ভোটের দফা, অজানা আশঙ্কায় বাংলার শাসক দল

দিনক্ষণ এখনও ঘোষণা হয়নি। কিছুই চূড়ান্ত নয়। তবুও এর মধ্যেই সিঁদুরে মেঘ দেখতে শুরু করেছে বাংলার শাসকদল তৃণমূল কংগ্রেস। ঘটনা প্রবাহ যে দিকে এগোচ্ছে তাতে এটুকু অন্তত নিশ্চিত ভাবেই বলা যায় যে এবার আর গত কয়েকবারের মতো সাত, আট দফায় ভোট হচ্ছে না পশ্চিমবঙ্গে। নিশ্চিত ভাবেই কমছে দফা। তবে কমে সেটা কত হবে, এখনই বলা মুশকিল। সূচি অনুযায়ী মে মাসের প্রথম সপ্তাহের মধ্যে নতুন সরকার গড়তে হবে। ফলে তার আগে শেষ করতে হবে নির্বাচন সংক্রান্ত প্রক্রিয়া। গ্রাউন্ড রিয়্যালিটি বলছে, তাই যদি হয় তাহলে এক থেকে তিন দফার মধ্যেই সেরে ফেলতে হবে ভোটগ্রহণ পর্ব। সেই বাম আমল থেকেই বাংলায় ৫, ৬ এমনকী ৭ দফার ভোটও দেখেছি আমরা। তৃণমূল কংগ্রেস অবশ্য এই ইস্যুতে এখনও পর্যন্ত একটা শব্দও খরচ করেনি। তবে মুখে না বললেও তাঁরা মনে মনে ৬/৭ দফাতেই নির্বাচন চায়।কারণ, তাতেই তাঁদের সুবিধা। এতেই অভ্যস্ত হয়ে গিয়েছে তাঁরা। ২০১১ থেকেই লোকসভা বলুন বা বিধানসভা, ৬-৭ দফাতেই ভোট হচ্ছে রাজ্যে। শাসক দলের ভোট মেশিনারি এই পদ্ধতিতে সিদ্ধহস্ত। তাই এবার দফা কমলে কী ভাবে ম্যানেজ করবে বুঝে উঠতে পারছে না শাসকদল। তৃণমূলের ভোট ম্যানেজাররা নতুন করে খাতা, পেন নিয়ে বসে পড়েছেন, অঙ্ক কষতে। গোটা শিবিরেই ছড়িয়ে পড়েছে অজানা আশঙ্কা।শীর্ষ নেতৃত্বও একদম চুপ। এসআইআর পরবর্তী পরিস্থিতি কোন দিকে যায়, নজর এখন সেই দিকে। একে তো এসআইআর-এ যে বিপুল সংখ্যক ভুয়ো ও মৃত ভোটারের নাম বাদ যাচ্ছে তা নিয়ে আশঙ্কা তো আছেই। কারণ, এই বিপুল সংখ্যক নাম বাদ পড়ায় অনেক অঙ্কই ঘেঁটে যেতে পারে। তার ওপর এবার আবাসনগুলিতে বুথ করতে বদ্ধপরিকর কমিশন। সেখানেও আশঙ্কায় শাসকদল। সবমিলিয়ে ছাব্বিশের ভোটে অনেকটাই নতুন পিচে ব্যাট করতে হবে তৃণমূলকে। সেই পিচ কীরকম আচরণ করবে তা নিয়ে ঘুম ছুটেছে শাসক শিবিরের।

### শব্দছক ৭১

রবি দাস




**পাশাপাশি:** ২. দরকার ৫. প্রভাতকালীন ৭. পক্ষী ৮ — থেকে তাল ৯. উচ্চস্বরে কথা কাটাকাটি ১১. কনে ১২. স্বল্প ১৩. হত্যা ১৪. নৃত্য ১৬. খারাপ ছেলে ১৮. সাধু ১৯. চোখে কম দেখা ২০. ধারণা ২১. ফেনায় পূর্ণ

**ওপর-নিচ:** ১. সুন্দর-সম ২. প্রত্যেক ৩. পিতা ৪. দু-বার চার করে ৬. উত্তম ৭. বিনাশ ৯. মিহি দানাযুক্ত বাড়ি তৈরীর উপাদান ১০. কেশহীন ১১. যে স্ত্রীর স্বামী গত হয়েছে ১৩. আরাধনা ১৪. নাসিকা ১৫. আনন্দ অনুষ্ঠান ১৬. ভুট্টা ১৭. তন্বী ১৮. বক্তব্য পেশ করতে জমায়েত ২০. রোজগার

**সমাধান ৭০ — পাশাপাশি:** ১. পতন ৩. তরুময় ৮. বীরত্ব ৫. কর্মযোগী ৭. ভাল ১০. নদ ১২ ক্ষণকাল ১৪. পাগল ১৫. ঝরাপাতা ১৬. কাছারী

**ওপর-নিচ :** ১. পদশোভা ২. নবীন ৩. তত্বকথা ৬. যোজন ৮. লগন ৯. শালপাতা ১১. দম্ভকারী ১৩. হলকা

### আজকের দিন



■ ১৯৯১ — মিত্রবাহিনী বাগদাদের আমিরিয়া আশ্রয়কেন্দ্র ধ্বংস করে ৪০০ জনের বেশি মানুষকে মেরে ফেলে।

■ ২০০১ — এল সালভাদরে ৬.৬ মাত্রার একটি ভূমিকম্পে ৩০০ জনেরও বেশি মানুষ নিহত হয়।

■ ২০০৮ — অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী কেভিন রুড অতীতের জোরপূর্বক অপসারণ নীতির জন্য আদিবাসী অস্ট্রেলিয়ানদের কাছে ক্ষমা চান।

### জন্মদিন



১৮৭৯ *বিশিষ্ট রাজনীতিবিদ সরোজিনী নাইডুর জন্মদিন।*

১৯৪৫ *বিশিষ্ট চলচ্চিত্রাভিনেতা বিনোদ মেহরার জন্মদিন।*

১৯৮৫ *বিশিষ্ট টেনিস খেলোয়াড় সোমদেব দেববর্মনের জন্মদিন।*

সরোজিনী নাইডু

# বালুরঘাট বিমানবন্দর চালুর দাবিতে ফের দিল্লির দ্বারস্থ সুকান্ত মজুমদার



**নিজস্ব প্রতিবেদন, বালুরঘাট:** দক্ষিণ দিনাজপুর জেলার দীর্ঘদিনের দাবি বালুরঘাট বিমানবন্দর সচল করতে পুনরায় তৎপরতা শুরু করলেন বালুরঘাটের সাংসদ তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ড. সুকান্ত মজুমদার। অবিলম্বে এই বিমানবন্দর থেকে নিয়মিত বাণিজ্যিক বিমান পরিষেবা শুরু করার লক্ষ্যে তিনি অসামরিক বিমান পরিবহণ মন্ত্রকের কাছে আবেদন জানিয়েছেন। তাঁর মতে, পশ্চিমবঙ্গের এই অনগ্রসর অঞ্চলের অর্থনৈতিক উন্নয়নের জন্য আকাশপথের সংযোগ অত্যন্ত জরুরি।

বৃহস্পতিবার অসামরিক বিমান পরিবহণ মন্ত্রী কিনজারাপু রাম মোহন নাইডুকে একটি চিঠি লিখেছেন সুকান্ত মজুমদার। চিঠিতে তিনি এর আগে ২০২৪ সালের মার্চ মাসে মন্ত্রকের সাথে এই বিষয়ক কথোপকথন ও চিঠিপত্রের কথা স্মরণ করিয়ে দেন। তিনি উল্লেখ করেন, দক্ষিণ দিনাজপুর এবং উত্তর দিনাজপুর জেলার বিশাল অংশের মানুষ কর্মসংস্থান ও ব্যবসার জন্য এখনও বহু প্রতিকূলতার সম্মুখীন হন, যা বিমান পরিষেবা চালু হলে অনেকটাই দূর হতে পারে।

অতীতে কলকাতা, মালদা এবং বালুরঘাটের মধ্যে কিছুদিনের জন্য হেলিকপ্টার পরিষেবা চালু হয়েছিল। এছাড়া কলকাতা-মালদা- বালুরঘাট-কোচবিহার রুটে ছোট বিমান চালানোর প্রস্তাব থাকলেও তা কার্যকর হয়নি। সুকান্ত মজুমদার জানান, ১৭তম লোকসভা চলাকালীন তিনি ‘উড়ান’ প্রকল্পের অধীনে মহিনগরস্থিত এই বিমানবন্দরটি সচল করার বিষয়টি তুলেছিলেন। সেই সময় তাঁকে জানানো হয়েছিল যে বিমানবন্দরের পরিকাঠামো প্রস্তুত থাকলেও কিছু যান্ত্রিক ও প্রশাসনিক কারণে পরিষেবা শুরু করা যায়নি। সাংসদ তাঁর চিঠিতে মন্ত্রককে অনুরোধ করেছেন যে, যদি জমি অধিগ্রহণ সংক্রান্ত কোনও সমস্যা থাকে, তবে যেন সরাসরি রাজ্য সরকারের সাথে কথা বলে তা দ্রুত সমাধান করা হয়। তিনি প্রস্তাব দিয়েছেন, কোচবিহার-কলকাতা অথবা গুয়াহাটি-কোচবিহার-কলকাতা রুটে বালুরঘাটকে অন্তর্বর্তী স্টপেজ হিসেবে যুক্ত করে বিমান চালানো হোক।

বালুরঘাট তথা দক্ষিণ দিনাজপুরের সাধারণ মানুষ এবং ব্যবসায়ীদের কাছে এই বিমানবন্দরটি চালুর বিষয়টি একটি স্বপ্নের মতো। তাঁদের আশা, এই পরিষেবা শুরু হলে জেলায় বড় বিনিয়োগ আসবে এবং যাতায়াতের সময় অনেকটা সাশ্রয় হবে। এখন দেখার, কেন্দ্রীয় মন্ত্রীর এই নতুন উদ্যোগের ফলে মহিনগরের রানওয়েতে কবে বিমানের চাকা ঘোরে। এবিষয়ে বালুরঘাটের সংসদ তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার বলেন, ‘প্রায় ১২ বছর আগে মাত্র ১ টাকার বিনিময়ে কেন্দ্র এই বিমানবন্দরটি রাজ্যকে হস্তান্তর করেছিল। কিন্তু দীর্ঘ এক যুগেও রাজ্য সরকার এখানে বিমান পরিষেবা চালু করতে পারেনি। যেন তাদের ১২ বছরের ‘রামের বনবাস’ চলছে। আমি কেন্দ্রীয় মন্ত্রীর কাছে দাবি জানিয়েছি, রাজ্য যদি এটি চালাতে ব্যর্থ হয়, তবে জমিটি যেন তারা ‘এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়া’-কে ফেরত দিয়ে দেয়। রাজ্য জমি ফেরত দিলে, সেখানে মন্ত্রীর সঙ্গে কথা বলে বিমান ওড়ানোর দায়িত্ব আমার।’

## শ্রমিক সংগঠনগুলির ডাকা বন্‌ধের প্রভাব খনি অঞ্চলে

**নিজস্ব প্রতিবেদন, অন্ডাল-দুর্গাপুর:** শ্রমিকদের স্বার্থে লেবার কোড নিয়ে পাঁচটি শ্রমিক সংগঠন বৃহস্পতিবার কোলিয়ারি বন্‌ধের ডাক দেয়। সেই মত এদিন সকাল থেকেই অন্ডাল, পাণ্ডবেশ্বর, লাউদোহা এলাকার কোলিয়ারিগুলিতে উপস্থিতির হার একেবারে নগণ্য ছিল বললেই চলে। বনধকারী শ্রমিক সংগঠনগুলির দাবি, সকাল থেকেই বেলা সাড়ে ন’টা পর্যন্ত বন্‌ধের প্রভাব ভালোই ছিল। যে কলিয়ারিতে ১০০ উপর শ্রমিক সংখ্যা, কিন্তু সেখানে মাত্র ১১ জন উপস্থিত হয়েছিলেন কাজের জন্য। তেমনি পাণ্ডবেশ্বরের কুমারডিহি কোলিয়ারিতেও ৩০০ জন শ্রমিকের হাজিরার বদলে ২০ জন হাজির ছিলেন। এদিন অন্ডালের খান্দরার নাগ কাজোড়া কোলিয়ারিতে বনধের প্রভাব পড়েছিল ভালোই। প্রায় ২৫০ জন শ্রমিক সংখ্যা থাকলেও, সেখানে গড় হাজির ছিলেন মাত্র ২৫ জন। তাও আবার এমার্জেন্সি ডিউটিতে প্রত্যেকদিন যেখানে প্রায় ১১৬ হাজির থাকেন, সেখানে এদিনের সংখ্যাটা কমে দাঁড়িয়েছিল মাত্র ২৫ জন। ফলে অচল হয়ে পড়ে কোলিয়ারি অঞ্চল।

একই সঙ্গে শ্রম আইন নিয়ে শ্রমিক সংগঠনের ডাকা বন্‌ধের প্রভাব পড়েছিল দুর্গাপুর শিল্পাঞ্চলেও। কেন্দ্রীয় ১০টি শ্রমিক সংগঠনের ডাকা দেশব্যাপী শিল্প ধর্মঘটের প্রভাব পড়ল শিল্পাঞ্চল দুর্গাপুরেও। বৃহস্পতিবার সকাল থেকেই দুর্গাপুর ইস্পাত কারখানার প্রধান গেটের সামনে জড়ো হন বামপন্থী শ্রমিক সংগঠনের কর্মী-সমর্থকেরা। স্লোগান, ব্যানার ও প্ল্যাকার্ড হাতে ধর্মঘটের সমর্থনে বিক্ষোভ প্রদর্শন করা হয়। আন্দোলনকারীদের দাবি, কেন্দ্রের শ্রম নীতি, বেসরকারিকরণ এবং মূল্যবৃদ্ধির প্রতিবাদেই এই সর্বভারতীয় ধর্মঘটের ডাক দেওয়া হয়েছে। সিটু নেতা স্বপন মজুমদার বলেন, ‘শ্রমিক স্বার্থ রক্ষা ও শ্রম আইন সংশোধনের প্রতিবাদে এই ধর্মঘট অত্যন্ত তাৎপর্যপূর্ণ।’ তাঁদের অভিযোগ, কেন্দ্রের নীতির ফলে শ্রমিকদের অধিকার খর্ব হচ্ছে, চুক্তি ভিত্তিক নিয়োগ বাড়ছে এবং রাষ্ট্রায়ত্ত শিল্প সংস্থাগুলিকে ধীরে ধীরে বেসরকারিকরণের পথে ঠেলে দেওয়া হচ্ছে। অন্যদিকে, ধর্মঘটের বিরোধিতায় সরব হয়েছে তৃণমূল শ্রমিক সংগঠন। কোর কমিটির সদস্য মানস অধিকারীর দাবি করেন, ‘এই ধরনের ধর্মঘট শিল্প উৎপাদন ব্যাহত করে এবং সাধারণ শ্রমিকদের দৈনন্দিন উপার্জনে প্রভাব ফেলে। তৃণমূল শ্রমিক সংগঠনের নেতারা কারখানার স্বাভাবিক কাজকর্ম বজায় রাখার পক্ষে সওয়াল করে শ্রমিকদের কাজে যোগ দেওয়ার আহ্বান জানান।’

## বনগাঁয় আক্রান্ত দুই বিধায়কের বাড়িতে দেখা করলেন বিপ্লব দেব



**নিজস্ব প্রতিবেদন, বনগাঁ:** বনগাঁয় আক্রান্ত দুই বিধায়ক পরিবারের সঙ্গে দেখা করতে আসলেন ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব দেব। প্রথমে বনগাঁর গোপালনগরে আক্রান্ত বনগাঁ উত্তরের বিধায়ক অশোক কীর্তনিয়ার স্ত্রীর সঙ্গে তাঁর বাড়িতে দেখা করলেন। তাঁর সঙ্গে দেখা হতেই হাত জোড় করে তাঁর বৌমার সঙ্গে হওয়া ঘটনার বিচার চাইলেন বিধায়ক অশোক কীর্তনিয়ার মা অহল্যা কীর্তনিয়া। বৃহস্পতিবার দুপুরে ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব দেব উত্তর ২৪ পরগনার বনগাঁ উত্তর কেন্দ্রের বিজেপি বিধায়ক অশোক কীর্তনিয়ার বাড়িতে আসেন। ১০ ফেব্রুয়ারি গোপালনগরের বেলেডাঙা আক্রান্ত বিধায়কের স্ত্রীর সঙ্গে দেখা করেন তিনি। তাঁর বিরুদ্ধে পুলিশের দায়ের করা মামলা নিয়ে জেলা পুলিশ সুপারকে তোপ দাগেন বিপ্লব দেব। ‘এই ঘটনার জন্য মমতা বন্দ্যোপাধ্যায় দায়ী’ বলেও দাবি করেছেন তিনি। বনগাঁ জেলা পুলিশ সুপারের উদ্দেশ্যে হুঁশিয়ারি দিয়ে বিপ্লব দেব বলেন, ‘জনতার সেবক ওরা। এরা এসে ভক্ষক হয়ে বসে গেছে। তার জন্যই এসবগুলো হচ্ছে।’ অশোক কীর্তনিয়ার বউ মৌমিতা কীর্তনিয়ার নামে এফআইআর দায়ের নিয়েও সুর চড়ান বিপ্লব। তিনি বলেন, ‘ওনাকে মারধর করল, উল্টে ওনাকেই কেস দেওয়া হয়েছে। এটা জানার পর মমতা বন্দ্যোপাধ্যায়ের নিজের ফোন করা উচিত ছিল বিধায়ককে এসপিকে বলা উচিত ছিল কি হচ্ছে? দায়িত্ব কাণ্ডজ্ঞানহীন মুখ্যমন্ত্রী।’ গাড়ি ভাঙচুরের ঘটনায় অভিযুক্তদের গ্রেপ্তারি প্রসঙ্গে বিপ্লব দেব বলেন, ‘পুলিশের সময় কোথায়? এসপি-কে স্কর্ট করতে করতেই তো সময় চলে যায়। মহারানি ভিক্টোরিয়া এখানকার এসপি। আমার সঙ্গে কোনও না কোনও জায়গায় দেখা হবে সরকার আমরা চালাই।’

বনগাঁ উত্তরের পর বিকেলে বনগাঁ দক্ষিণের বিধায়ক স্বপন মজুমদারের এর বাড়িতে যায় রাজ্য বিজেপি ইনচার্জ তথা ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব দেব। হামলার ঘটনায় স্বপন মজুমদারের শাশুড়ির সঙ্গেও কথা বলেন বিপ্লব দেব। স্বপন মজুমদারের শাশুড়ি রিঙ্কু বৈরাগী বলেন, ‘চোখের সামনে নতুন করে আবার জীবন ফিরে পেলাম। বিপ্লব বাবু আসলেন সমস্ত ঘটনা শুনে পাশে থাকার আশ্বস্ত করলেন।’

## ফের জোরালো মেডিক্যাল কলেজের দাবি, মুখ্যমন্ত্রীকে চিঠি

**নিজস্ব প্রতিবেদন, বালুরঘাট:** বিধানসভা নির্বাচনের দামামা বাজার আগেই দক্ষিণ দিনাজপুর জেলায় সরকারি মেডিক্যাল কলেজ স্থাপনের দাবিতে ফের সরব হল জেলার বিভিন্ন স্তরের মানুষ। বৃহস্পতিবার ‘দক্ষিণ দিনাজপুর সরকারি মেডিক্যাল কলেজ স্থাপন ও স্বাস্থ্য পরিষেবা উন্নয়ন মঞ্চ’-এর পক্ষ থেকে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং স্বাস্থ্য সচিবের কাছে স্পিড পোস্টের মাধ্যমে দাবিপত্র পাঠানো হয়েছে।

উল্লেখ্য, জেলার স্বাস্থ্য ব্যবস্থার উন্নতির লক্ষ্যে ২০২২ সালে পতিরামের এক প্রাথমিক শিক্ষক কলকাতা হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের করেছিলেন। সেই মামলার প্রেক্ষিতে ২০২৩ সালের শুরুতে উচ্চ আদালত ছয় সপ্তাহের মধ্যে জেলায় সরকারি মেডিক্যাল কলেজ গঠন প্রক্রিয়া শুরু করার নির্দেশ দেয়। কিন্তু সংগঠনের অভিযোগ, আদালতের সেই নির্দেশের পর তিন বছর অতিক্রান্ত হতে চললেও রাজ্য সরকারের পক্ষ থেকে কোনও সদর্থক ভূমিকা দেখা যায়নি।

এই দাবিতে দীর্ঘদিন ধরেই আন্দোলন চালিয়ে যাচ্ছে ‘দক্ষিণ দিনাজপুর সরকারি মেডিক্যাল কলেজ স্থাপন ও স্বাস্থ্য পরিষেবা উন্নয়ন মঞ্চ’। জেলাজুড়ে প্রায় দশ হাজার মানুষের গণস্বাক্ষর সংগ্রহ থেকে শুরু করে ৩০টিরও বেশি এলাকায় পথসভা, জনসমর্থন আদায়ে কোনও খামতি রাখেনি এই অরাজনৈতিক সংগঠনটি।

সংগঠনের অন্যতম সদস্য জগন্নাথ বিশ্বাস জেলার দুর্দশার কথা তুলে ধরে বলেন, ‘আমাদের জেলা অত্যন্ত পিছিয়ে পড়া এবং শিল্পবিহীন। উন্নত চিকিৎসা পরিষেবা এখানে অমিল। কোনও জটিল রোগ হলে রোগীদের বাইরে রেফার করা হয়, যা সাধারণ নিম্নবিত্ত ও মধ্যবিত্ত মানুষের ধরাছোঁয়ার বাইরে। বালুরঘাট জেলা হাসপাতাল চত্বরেই পর্যাপ্ত জায়গা রয়েছে, সেখানে অনায়াসেই মেডিক্যাল কলেজ করা সম্ভব। জমি নিয়ে কোনও সমস্যা হওয়ার কথা নয়।’

## জাতীয় সড়ক কর্তৃপক্ষকে জমি দিয়েও মেলেনি টাকা

### জেলাশাসককে গণ চিঠি কৃষকদের

**নিজস্ব প্রতিবেদন, মালদা:** হরিশ্চন্দ্রপুরে ৮১ নম্বর জাতীয় সড়কের বাইপাস রোড তৈরির ক্ষেত্রে জাতীয় সড়ক কর্তৃপক্ষকে জমি দিয়েও মিলেনি টাকা। আর গত এক বছর ধরে হন্যে হয়ে অন্তত ৫০ জন জমিদাতা কৃষক জাতীয় সড়ক কর্তৃপক্ষ থেকে প্রশাসনের দুয়ারে ঘুরে বেড়াচ্ছেন। কিভাবে তাঁরা নিজেদের প্রাপ্য টাকা পাবেন, তা নিয়েও কুলকিনারা করতে পারছেন না। প্রায়দিনই জাতীয় সড়ক কর্তৃপক্ষ থেকে তাদেরকে নানান আশ্বাস দেওয়া হচ্ছে বলে অভিযোগ। বৃহস্পতিবার দুপুরে হরিশ্চন্দ্রপুর ১ ব্লকের গাংনদিয়া এলাকার জমিদাতা অসংখ্য কৃষকেরা জেলা প্রশাসনিক ভবনে এসে নিজেদের পাওনা টাকার দাবিতে গণস্বাক্ষর সম্বলিত একটি অভিযোগপত্র জমা দেন।

উল্লেখ্য, চাঁচল মহকুমার হরিশ্চন্দ্রপুর ১ ব্লকের ৮১ নম্বর জাতীয় সড়কের বাইপাস রোড বেশ কয়েক বছর ধরেই তৈরি হওয়া নিয়ে জটিলতা চলছিল। অবশেষে সেই বাইপাস রোডের সিংহভাগ অংশ সম্পূর্ণ হয়েছে। এখনও কিছু কাজ বাকি আছে। সেসব ক্ষেত্রেও জমি অধিগ্রহণের প্রক্রিয়া চলছে। কিন্তু এই বাইপাস রোড তৈরি করার ক্ষেত্রে মহেন্দ্রপুর গ্রাম পঞ্চায়েতের গাংনদিয়া এলাকার অন্তত ৫০ জন কৃষক জমি দিয়েছিলেন। সেই সময় বলা হয়েছিল সরকারি মূল্য ধরেই প্রতি জমি দাতাদের টাকা বুঝিয়ে দেওয়া হবে। কিন্তু এরপর এক বছর কেটে গিয়েছে, সেই টাকা আজও পায় নি ওই কৃষকেরা বলে অভিযোগ করেছেন। এদিন জমিদাতা মোজাফফর হোসেন, সামিম আক্তার, নাসিবুল হোদা বলেন, ‘আমাদের কারোর দুই শতক, কারোর পাঁচ শতক, আবার কারোর ১০ শতক কৃষিজমি এই বাইপাস রোড তৈরির সময় অধিগ্রহণ করা হয়েছিল। সেই সময় জাতীয় সড়ক কর্তৃপক্ষ সরকারি মূল্যও দেওয়ার বিষয়ে জানিয়েছিলেন। কিন্তু এক বছর কেটে গেলেও সেই টাকা মিলে নি। বরং এই এলাকায় জমির দাম আগুন ছোঁয়া। এখন জাতীয় সড়ক কর্তৃপক্ষ জানিয়েছেন জেলা প্রশাসনের জমি অধিগ্রহণ দপ্তর থেকেই জমি দাতাদের টাকা পৌঁছে যাবে। কিন্তু জেলা প্রশাসনিক ভবনে এসে বারবার ঘুরে যেতে হচ্ছে।’ ইতিমধ্যে জাতীয় সড়ক কর্তৃপক্ষের এক ইঞ্জিনিয়ার জানিয়েছেন, ‘বিষয়টি এখন প্রশাসনের অধীনে রয়েছে। এখানে আমরা কিছু বলতে পারব না।’ জেলা জমি অধিকরণ দপ্তরের কখনও সার্ভার ডাউন, আবার কখনও উর্ধ্বতন কর্তৃপক্ষের ওপরেই দায়ভার এড়িয়েছে। জেলাশাসক প্রীতি গোয়েল পুরো বিষয়টি তদারকি করে দেখার আশ্বাস দিয়েছেন।

## কাঁকসায় তরুণী নার্সের রহস্যজনক মৃত্যুতে ধোঁয়াশা

### গভীর ষড়যন্ত্র দেখছে মৃতার পরিবার



**নিজস্ব প্রতিবেদন, কাঁকসা-বাঁকুড়া:** পশ্চিম বর্ধমানের কাঁকসার গোপালপুরে এক তরুণী নার্সের রহস্যজনক মৃত্যুকে ঘিরে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। বুধবার রাতে একটি বহুতল আবাসনের নিচ থেকে উদ্ধার হয় মন্দিরা পাল নামের বছর ২৪-এর তরুণীর দেহ। মৃতার বাড়ি বাঁকুড়া জেলার বিষ্ণুপুরে। তিনি মলানদিঘির একটি বেসরকারি মেডিক্যাল কলেজ ও হাসপাতালে কর্মরত ছিলেন বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে। হাসপাতাল সূত্রে খবর, বুধবার রাতে তাঁর ডিউটিতে যাওয়ার কথা ছিল। কিন্তু সহকর্মীরা তাঁকে খুঁজে না পেয়ে পুলিশকে খবর দেন। পরে আবাসনের বাইরে থেকে তাঁর দেহ উদ্ধার করে পুলিশ। ঘটনাস্থলে পৌঁছয় বিশাল পুলিশ বাহিনী। দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠানো হয় দুর্গাপুর মহকুমা হাসপাতালে।


অন্যদিকে, মৃতার পরিবার সূত্রে জানা গেছে, ব্যঙ্গালুরুর একটি কলেজ থেকে জিএনএম নার্সিং কোর্সে লেখাপড়া করার পর প্রথমে বিষ্ণুপুরের একটি নার্সিংহোমে কাজে যোগ দেন মন্দিরা। বছর খানেক আগে দুর্গাপুরের মলানদিঘী এলাকার একটি বেসরকারি হাসপাতালে নার্স হিসাবে কাজে যোগ দেন। কয়েকজন সহকর্মীর সঙ্গে গোপালপুরের বহুতল একটি আবাসনে থাকতেন মন্দিরা। সরস্বতী পুজোর সময় শেষবার বাড়িতে এসেছিলেন। গতকালও পরিবারের সঙ্গে টেলিফোনে কথা হয়। পরে হাসপাতালের তরফে জানানো হয় মন্দিরা গুরুতর অসুস্থ। তড়িঘড়ি সেখানে যাওয়ার জন্য পরিবারের লোকজনকে জানানো হয়। খবর পেতেই পরিবারের লোকজন দুর্গাপুরে ছুটে যান। সেখানে যাওয়ার পর তাঁরা জানতে পারেন মন্দিরার মৃত্যু হয়েছে। ঘটনার খবর জানাজানি হতেই কান্নায় ভেঙে পড়ে গোটা পরিবার। পরিবারের দাবি মন্দিরা আত্মহত্যা করতে পারে না। ঘটনাটি দুর্ঘটনাও নয়। এর পিছনে ষড়যন্ত্র বা চক্রান্ত রয়েছে। ঘটনার দ্রুত তদন্ত করে দোষীদের শাস্তির দাবি জানিয়েছেন মৃতের পরিজনেরা। কাজেই এটি আত্মহত্যা, দুর্ঘটনা নাকি এর পেছনে অন্য কোনও কারণ রয়েছে, তা নিয়ে ধোঁয়াশা তৈরি হয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। আবাসনের সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখা হয় এবং বাসিন্দা ও সহকর্মীদের জিজ্ঞাসাবাদ করে পুলিশ। ঘটনায় শোকের ছায়া নেমে এসেছে মৃতার বিষ্ণুপুরের বাড়িতে। মৃতার মামা মনোতোষ বন্দ্যোপাধ্যায়ের অভিযোগ, ‘এটা স্বাভাবিক মৃত্যু নয়, অস্বাভাবিক মৃত্যু। ঘটনার সঠিক তদন্ত হওয়া উচিত।’ হাসপাতালের অ্যাসিস্ট্যান্ট সুপার ডা. রাজশ্রী গুপ্তা বলেন, ‘অত্যন্ত দুঃখজনক ঘটনা। তারা পুলিশকে সব তথ্য দিয়েছেন। কী কারণে মৃত্যু হয়েছে, তা পুলিশ তদন্ত করে দেখছে।’ মৃতার বাবা সাগর পাল জানিয়েছেন, তাঁর মেয়ের সঙ্গে শেষ দেখা হয় সরস্বতী পুজোর সময়। বাকি ফোনেই কথা হতো। তাঁর মেয়ে কোনো দিনও আত্মহত্যা করতে পারে না। মৃত্যুর পেছনে অন্য কোনও কারণ থাকতে পারে। সঠিক বিচারের দাবি জানিয়েছেন তিনি।

## দেগঙ্গায় বিএলএ-২ দের সম্মান

**নিজস্ব প্রতিবেদন, দেগঙ্গা:** বাংলার ভোটাধিকার রক্ষার্থে নির্বাচন কমিশনের কর্মীদের সঙ্গে রাজনৈতিক দলের নিযুক্ত বিএলএ-২ -রাও কাজ করেছেন। তারাও এসআইআর-এর বিষয়ে মানুষের জন্য নিরলস কাজ করেছেন। এবার তাদের কাজের সম্মান জানাতে এগিয়ে এলো দেগঙ্গা ১ নম্বর ব্লক তৃণমূল কংগ্রেস। ওই ব্লকের সভাপতি আনিসুর রহমানের উদ্যোগে বৃহস্পতিবার ১৯৬ জন বিএলএ-২ দের উপহার দিয়ে সম্মানিত করা হয়। সঙ্গে তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের শুভেচ্ছা বার্তাও দেওয়া হয়। এই প্রসঙ্গে তিনি বলেন, ‘দলের হয়ে মানুষের জন্য বিএলএ-২ রা কাজ করেছেন। এসআইআরের আবহে যখন মানুষ দিশাহারা, তখন তাদের পাশে দাঁড়িয়ে সহায়তা করেছেন। তাই তাঁদের কাজের স্বীকৃতি দিতে ও সম্মান জানাতে এই উদ্যোগ নিয়েছি। সেই সঙ্গে তাদের উপহারেরও ব্যবস্থা করেছি।’

### হিলি সীমান্তে আশার আলো

## বাংলাদেশে স্থিতিশীলতার অপেক্ষায় দক্ষিণ দিনাজপুরের রপ্তানিকারকরা



**নিজস্ব প্রতিবেদন, বালুরঘাট:** বাংলাদেশে নির্বাচনকে কেন্দ্র করে নতুন করে আশায় বুক বাঁধছেন দক্ষিণ দিনাজপুরের হিলি স্থলবন্দরের ভারতীয় রপ্তানিকারকরা। ওপার বাংলায় রাজনৈতিক স্থিতিশীলতা ফিরে এলে ঝিমিয়ে পড়া এই বাণিজ্যিক করিডোর আবারও প্রাণবন্ত হয়ে উঠবে, এমনটাই প্রত্যাশা করছেন তাঁরা।

গত প্রায় দু-বছর ধরে বাংলাদেশে অস্থিরতার কারণে স্বাভাবিক বাণিজ্য মারাত্মকভাবে ব্যাহত হয়েছে। এক সময় হিলি দিয়ে চাল, পেঁয়াজ এবং নিত্যপ্রয়োজনীয় ভোগ্যপণ্য-সহ প্রায় ২০০-এর বেশি ক্যাটাগরির পণ্য বাংলাদেশে যেত। ভারত প্রান্তের হাজার হাজার পরিবহণ কর্মী, শ্রমিক এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জীবন-জীবিকা ছিল এই বাণিজ্যের ওপর নির্ভরশীল। বর্তমানে সেই রমরমা ব্যবসা অতীত। ব্যবসায়ীরা জানাচ্ছেন, এখন মাত্র ৮ থেকে ১০টি পণ্যের রপ্তানি কোনোমতে টিকে আছে। এর ফলে স্থানীয় অর্থনীতিতে স্থবিরতা দেখা দিয়েছে এবং কাজ হারিয়েছেন অসংখ্য মানুষ। এক সময়ের ব্যস্ততম এই চেকপোস্ট এখন অনেকটাই নিস্তব্ধ। হিলির এক বিশিষ্ট রপ্তানিকারক অমিত আগরওয়াল বলেন, ‘আজ ভোটের কারণে রপ্তানি সম্পূর্ণ বন্ধ রয়েছে। আমরা চাই নির্বাচন শান্তিপূর্ণ হোক। ওপারে অস্থিরতার সরাসরি প্রভাব আমাদের ব্যবসায় পড়েছে। জেলার বহু মানুষ তাঁদের রুজি-রুটি হারিয়েছেন।’ ব্যবসায়ীদের মতে, এই নির্বাচন একটি গুরুত্বপূর্ণ মোড়। যদি ঢাকায় একটি স্থিতিশীল সরকার গঠিত হয়, তবে কূটনৈতিক ও প্রশাসনিক স্বচ্ছতা ফিরে আসবে বলে তাঁরা মনে করছেন। এতে ধীরে ধীরে বাণিজ্যের পুরোনো পথগুলো আবারও উন্মুক্ত হবে। আগে যেখানে ট্রাকের লম্বা লাইন থাকত, সেখানে এখন শ্মশানের নীরবতা। গুদামগুলোতেও আগের মতো কাজ নেই। লোডিং ও কাস্টমস সংক্রান্ত কাজের ওপর নির্ভরশীল শ্রমিকরা এখন কাজের আশায় দিন গুণছেন। তবুও নিরাশা গ্রাস করেনি হিলির ব্যবসায়ীদের। ভৌগোলিক গুরুত্ব ও ইতিহাসের ওপর ভর করে তাঁরা বিশ্বাস করেন, দুই দেশের বাজার একে অপরের পরিপূরক। সীমান্তের ওপারে শান্তি ফিরলেই আবারও ঘুরবে বাণিজ্যের চাকা, চাঙ্গা হবে হিলির অর্থনীতি। আপাতত ওপার বাংলার পরিস্থিতির দিকেই তাকিয়ে আছে গোটা সীমান্ত।







## র‍্যাগিংয়ের বর্বরতার এক জলজ্যান্ত দলিল

# ‘হোক কলরব’



**শাশ্বত চট্টোপাধ্যায়**


সম্প্রতি বিভিন্ন পরিচালক সত্য ঘটনা অবলম্বনে নির্মিত গল্পগুলিকে সিনেমার গল্পের মাধ্যমে পর্দায় দর্শকদের সামনে উপস্থিত করছেন। পরিচালক রাজ চক্রবর্তীও এর ব্যতিক্রম নয়। সম্প্রতি তিনি কলেজের ওপর ভিত্তি করে একটি সত্য ঘটনা সিনেমার আকারে দর্শকদের সামনে উপস্থিত করেছেন যার নাম ‘হোক কলরব’। এই সিনেমাটি মুক্তি পেয়েছে রাজ চক্রবর্তী এন্টারটেইনমেন্ট এবং প্রার্থনা মুভিজের ব্যানারে শুভশ্রী গাঙ্গুলীর প্রযোজনায়। কলেজের র‍্যাগিংয়ের উপর ভিত্তি করে নির্মিত হয়েছে এই সিনেমাটি। এই সিনেমাটিতে যাদবপুর র‍্যাগিং কান্ডেরও কিছুটা ইঙ্গিত রয়েছে। র‍্যাগিং যে একটি পাশবিক অন্যায় যা এক ছাত্রের জীবন ধ্বংস করে দিতে পারে। মুহূর্তে তার ভালো সময়গুলিকে নষ্ট করে দিতে পারে তার বিরুদ্ধেই প্রতিবাদের জন্যই নির্মিত হয়েছে এই ছবিটি। ছবিটির শেষে দেখানো হয়েছে যে র‍্যাগিংয়ের বিরুদ্ধে লড়াই চলছে এবং ভবিষ্যতেও চলবে।। এই সিনেমায় এক ঝাঁক তরুণ নায়ক নায়িকাদের দেখা গিয়েছে যারা সম্পূর্ণ নতুন এবং নিজেকে খুব সুন্দর ভাবে মেলে ধরেছে। ছবিতে অভিনয় করতে দেখা গিয়েছে শাশ্বত চট্টোপাধ্যায়, জন ভট্টাচার্য, ওম সাহানি, রোহন ভট্টাচার্য, পূষণ দাশগুপ্ত, শ্রেয়া ভট্টাচার্য, দেবদত্ত রাহা, অভিকা মালাকার এবং পার্থ ভৌমিককে।

পুলিশ ইন্সপেক্টর এর চরিত্রে শাশ্বত চট্টোপাধ্যায়ের অভিনয় বেশ নজর কারা। তার দুরদণ্ডপ্রতাপ আচরন এবং গরমাগরম ডায়লগ হলে দর্শকদের মাতিয়ে রেখেছে।এই সিনেমার শুরুতে স্ত্রীর সাথে তার সম্পর্ক বিচ্ছেদের চিত্রটি প্রস্ফুটিত হয়েছে। তার দুই সহকারী পুলিশের ভূমিকায় পার্থ ভৌমিক এবং রোহন ভট্টাচার্যের অভিনয় যথাযথ।

কলেজ ছাত্র তথা দামাল ছেলেদের ভূমিকায় জন ভট্টাচার্য, ওম সাহানি, পূষণ দাশগুপ্ত, দেবদত্ত, এবং অভিকা মালাকাবের অভিনয়ও বেশ তীক্ষ্ণ যা দর্শকদের মনোগ্রাহী হয়েছে।। ছবিতে নারী চরিত্রের সংখ্যা মোট দুটি। অভিকা মালাকার এবং শ্রেয়া ভট্টাচার্য। সাব ইন্সপেক্টর এর ভূমিকায় শ্রেয়া ভট্টাচার্যের অভিনয় চরিত্র এবং গল্পের পটভূমির সাথে যথেষ্ট সামঞ্জস্যপূর্ণ। কলেজ ছাত্রী হিসেবে অভিকা মালাকারের প্রানোচ্ছোল অভিনয়ও দর্শকদের দৃষ্টি আকর্ষণ করেছে।

এই ছবিতে ছাত্র রাজনীতি, কলেজ ইউনিয়ান, ছাত্র ভোট, মিছিল এবং থানা আক্রমণের বিষয়টিকে পরিণতভাবে পর্দায় তুলে ধরা হয়েছে যা দর্শকের সামাজিক চেতনাকে জাগিয়ে তুলতে সক্ষম।

সৌভিকের অসাধারণ চিত্রনাট্য এই সিনেমার গল্পকে এক নতুন মাত্রা দিয়েছে যা ছবিটিকে দর্শকদের মনের মনিকোঠায় স্থান করে দেওয়ার সুযোগ করে দিয়েছে।





এই ছবির গানগুলি অনবদ্য। কলেজ চত্বরে শুটিং হওয়া ‘দামামা’ গানটি দর্শকদের নজর কেড়েছে। এই ছবিতে ছাত্র রাজনীতির বিষয়টা এবং রাজনীতির ভেতরের জগতকেও চোখে আঙুল দিয়ে দর্শকদের দেখিয়ে দেওয়া হয়েছে। তবে ছবিটিতে রাজনীতির সুস্থ পরিবেশের দিকটাতেই জোর দেওয়া হয়েছে যে জোর র‍্যাগিংয়ের বিরুদ্ধে লড়াই করার শক্তি যুগিয়েছে। যুগিয়েছে পরম আশা ভরসা। সব মিলিয়ে বলা চলে যে রাজ চক্রবর্তীর ‘হোক কলরব’ বাস্তব পটভূমির উপর নির্মিত এক অসামান্য সিনেমার দলিলছ।

## নারী পাচারের অন্ধকার ও রুখে দাঁড়ানোর গল্প

# অনির্বাণ চক্রবর্তীর ‘খাঁচা’



**নিজস্ব প্রতিবেদন:** বড় পর্দায় মুক্তি পেল পরিচালক অনির্বাণ চক্রবর্তীর নতুন ছবি ‘খাঁচা’। ছবির কাহিনী ও চিত্রনাট্যও পরিচালকের নিজের। এক আপাতশান্ত জনপদ ‘টিয়াবন’-এর আড়ালে লুকিয়ে থাকা নারী পাচারের নারকীয় সত্যকে কেন্দ্র করেই আবর্তিত হয়েছে এই ছবির গল্প।বিগত তিরিশ বছর ধরে শ্রমজীবী মানুষের যাতায়াতের ব্যবসার আড়ালে এক ভয়াবহ নারী পাচার চক্র চালায় বিশ্বম্ভর বিশ্বাস ওরফে মামা ও তার স্ত্রী মীনাক্ষী দেবী। এই অশুভ শক্তির বিরুদ্ধেই রুখে দাঁড়ায় গ্রামের যুবক কমলেশ। এই ছবির মাধ্যমেই বড় পর্দায় অভিষেক ঘটল অভিনেতা কমলেশের। ছোটবেলায় নিজের চোখের সামনে দিদিকে অপহৃত হতে দেখা এবং বিচার চাইতে গিয়ে মা-কে হারানোর ক্ষত বুকে নিয়ে তাঁর এই লড়াই।ছবিতে অভিনয় করেছেন একঝাঁক তারকা। রয়েছেন রজতাভ দত্ত, মীর, প্রত্যুষা পাল, অনিন্দ্য পুলক বন্দ্যোপাধ্যায়, কাঞ্চনা মৈত্র, সোনালি চৌধুরী ও ইমন চক্রবর্তী। নবাগতা পূজা চট্টোপাধ্যায় ও শ্রুতি মিত্রের কাজও প্রশংসনীয়। মলয় মণ্ডলের ক্যামেরা ও মৌসুমী-অমিতের সঙ্গীত ছবিতে বাড়তি মাত্রা যোগ করেছে।টানটান চিত্রনাট্য আর রোমহর্ষক অ্যাকশনে ভরপুর এই ছবি দেখায় কীভাবে গরিব মানুষের অসহায়তাকে পুঁজি করে একদল মানুষ সমাজকে কলুষিত করে। শেষ পর্যন্ত কীভাবে সত্যের জয় হয় এবং অন্ধকার রাজত্বের অবসান ঘটে, সেই বার্তা নিয়েই প্রেক্ষাগৃহে সফলভাবে চলছে ‘খাঁচা’।মুক্তি উপলক্ষে এদিন উপস্থিত ছিলেন বিশিষ্ট উদ্যোগপতি সুরেশ সেঠিয়া।

# রহস্যে মোড়া ‘আরশিকথন’ মুক্তি পেল নতুন বাংলা ছবি

**নিজস্ব প্রতিবেদন:** টলিউডে রহস্য আর রোমাঞ্চের নতুন স্বাদ নিয়ে বড়পর্দায় মুক্তি পেল ইসমাইল মল্লিক প্রযোজিত ছবি ‘আরশিকথন’। পরিচালক দিব্যেন্দু পোরেল একটি বনেদি বাড়ির রহস্যময় প্রাচীন আয়নাকে কেন্দ্র করে সাজিয়েছেন ছবির গল্প। সম্প্রতি এক বর্ণাঢ্য অনুষ্ঠানের মাধ্যমে মুক্তি পেয়েছে ছবিটির ট্রেলার ও মিউজিক।ছবির মূল চরিত্রে অভিনয় করেছেন সৌরভ ব্যানার্জি ও ঐশ্বর্য চ্যাটার্জী। বিশেষ চমক হিসেবে এই ছবির মাধ্যমেই প্লে-ব্যাকে অভিষেক হলো অভিনেতা সৌরভের। সঙ্গীত পরিচালক দেব সেনের সুরে ছবির গানগুলো ইতিমধ্যেই নজর কেড়েছে। আজ, ৬ই ফেব্রুয়ারি থেকে প্রেক্ষাগৃহে দেখা যাচ্ছে এই ভিন্ন ধারার গল্পটি। ‘আরশিকথন’ এক নতুন অভিজ্ঞতা রহস্যপ্রেমী দর্শকদের জন্য হতে চলেছে।



# বলিউডের এক মহানায়কের কথা



**ডাঃ শামসুল হক**

তাঁর জীবনের প্রথমার্ধ যে কেটেছিল ভারতীয় সেনাবাহিনীর ক্যান্টিনে নানান কর্মব্যস্ততার মধ্যেই, সেটা বোধহয় আমরা অনেকেই জানি না। স্বাধীনতার জন্য তখন যুদ্ধ শুরু হয়েছিল সমগ্র ভারতবর্ষে জুড়েই। সেটা ১৯৪০ সালের কথা। রণাঙ্গনে তখন চলছিল চরম ব্যস্থতাও। সেনা ছাউনির মধ্যেও প্রবাহিত ছিল চরম ব্যস্ততা এবং অতি অবশ্যই ব্যাকুলতাও। আর তারই মাঝে সেনা দপ্তরের একটা ক্যান্টিন ই তখন হয়ে উঠেছিল তাঁর অতি নির্ভরযোগ্য ঠিকানাও। বলা যেতে পারে, সেইসময় সেই প্রতিষ্টান পরিচালনার যাবতীয় দায়িত্বভার ও পড়েছিল তাঁর উপর ই ।

সেনাবাহিনীর ক্যান্টিনে কাজ করতে করতেই তাঁর সঙ্গে আলাপ হয় সেই সময়ের প্রতিভাময়ী অভিনেত্রী দেবীকা রাণীর সঙ্গে । আরও পরে পরিচিত হন তাঁর স্বামী হিমাংশু রা ই এর সঙ্গেও। আর একসময় সেই পরিচয় আস্তে আস্তে গাঢ় হলে তিনিও একসময় ঝুঁকে পড়েন অভিনয়ের দিকেই। তারপর নাম লেখান চলচ্চিত্র জগতেও।

তিনি হিন্দী সিনেমা জগতের স্বনামধন্য অভিনেতা দিলীপকুমার ওরফে ইউসুফ খান । ক্যান্টিন জীবন থেকে রূপালী পর্দার চৌহদ্দির মধ্যে পা ফেলতে তাঁর সময় লেগেছিলেন মোটামুটি চার বছর। ১৯৪৪ সালে নিজেকে তিনি পুরোপুরিভাবে নিয়োজিত করেন সিনেমার জগতে এবং নিজ দক্ষতার গুণে সাফল্যের সঙ্গেই শেষ করেন তাঁর প্রথম হিন্দী ছবি জোয়ার ভাটার কাজ। সেইসময় তাঁর বয়স ছিল মাত্র বাইশ বছর। সেই বয়সেই তিনি তাঁর প্রথম ছবিতে যে অসামান্য দক্ষতার পরিচয় দিয়েছিলেন তা অবাক করে দিয়েছিল বলিউডের অন্যান্য সমস্ত অভিনেতা অভিনেত্রী সহ সকল সমালোচকদেরও ।

সেইসময়ের হিন্দী সাহিত্যের সুলেখক ভগবতী চরণ বর্মনের চোখেও ইউসুফ খান হয়ে উঠেছিলেন খুবই গুরুত্বপূর্ণ এক শিল্পী হিসেবেই। আর তাঁর ই পরামর্শে সেদিন ইউসুফ খান নামক নবাগত এক অভিনেতা নাম বদলে হয়ে গিয়েছিলেন দিলীপকুমার।

১৯২২ সালের ১১ই ডিসেম্বর জন্ম তাঁর তৎকালীন পশ্চিম পাকিস্তানের খাইবারে । তাঁর বাবা ছিলেন তিন তিনটে ফলের বাগানের মালিক। তার মধ্যে দুটো ছিল পাকিস্তানে এবং একটা ভারতের মহারাষ্ট্রে। সেই বাগানের দেখভালের তাগিদেই তাঁর বাবা ১৯৩০ সালে সপরিবারে চলে আসেন ভারতবর্ষে। শুরু করেন মুম্বাই শহরে থাকতেও। আর সেখানেই শুরু হয় তাঁর প্রাথমিক পর্বের লেখাপড়ার কাজ। ভর্তি হন নাসিকের দেওনিয়ার বার্ণস স্কুলে। তারপর তিনি উচ্চ শিক্ষা নেন মুম্বাইতেই ।

ইংরেজি, হিন্দী, উর্দু, মারাঠি সকল ভাষাতেই ছিল তাঁর প্রবল দখল। জানতেন অল্পস্বল্প বাংলা ভাষাও ।অ ত এব যে ভাষাতেই সিনেমা তৈরি হোক না কেন, তাতে অভিনয় করে তিনি সফলতা অর্জন করতে পারতেন একেবারে পুরোপুরিভাবেই । আর তার ই দৌলতে তিনি পুরস্কারও পেয়েছেন অজস্র। হিসেবে করে দেখা গেছে, ভারতীয় চলচ্চিত্র জগতে সমস্ত ভাষার অভিনেতা বা অভিনেত্রীরা যত পুরস্কার পেয়েছেন সংখ্যার বিচারে দিলীপকুমারের পুরস্কারের সংখ্যাই সর্বাধিক।

অভিনয় জগতে বহুমুখী প্রতিভারই সাক্ষর রেখেছেন অভিনেতা দিলীপকুমার। মূলতঃ একজন সার্থক নায়ক হিসেবেই তাঁকে দেখা গেছে বেশীরভাগ সিনেমায়। কখনও মিলনান্তক আবার কখনও বা বিয়োগান্তক চরিত্রে অভিনয় করেই দর্শক মহলে বিপুল সাড়া ফেলেছিলেন তিনি। তবে বিয়োগান্তক চরিত্রে অভিনয়েই তিনি সফলতা অর্জন করেছিলেন সবচেয়ে বেশি। আর সেই কারণেই সিনেমার অধিকাংশ পরিচালক ই তাঁদের সিনেমায় ট্রাজিক হিরোর প্রয়োজন হলে ডাকতেন দিলীপকুমারকেই । তাইতো একটা সময় চলচ্চিত্র জগতের সমগ্ পরিমণ্ডলেই তিনি বিশেষভাবে পরিচিত হয়ে উঠেছিলেন একজন ট্রাজিক হিরো হিসেবেই এবং সমালোচকরা তো তাঁর নামই দিয়ে দিয়েছিলেন ট্রাজিক কিং ।

ত্রিকোণ প্রেমের অভিনয়েও দিলীপকুমার ছিলেন সমান পারদর্শী।১৯৪৮ সালে মুক্তি পাওয়া শহীদ সিনেমাই হল তার উৎকৃষ্ট উদাহরণ। সেই সিনেমার নায়ক এবং নায়িকা ছিলেন রাজকাপুর - নার্গিস জুটি। আর দিলীপকুমার অভিনয় করেছিলেন পার্শ্বচরিত্রে । কাহিনীর মাঝপর্বেই ছবির নায়িকার সঙ্গে শুরু হয় সহনায়কের অপ্রত্যাশিত প্রেম ও ভালবাসা। ফলে তখনই শুরু হয় তাদের মধ্যে অন্য ধরণের বোঝাপড়া এবং বয়ে যায় অশান্তির ঝড়ও।

সিনেমা এগিয়ে চলেছিল তার নিজস্ব গতিতেই। আর নিজ অভিনয়ের গুণেই দিলীপকুমার ও এগিয়ে গিয়েছিলেন রাজকাপুরের চেয়ে। আর সেইসময় সেই সিনেমা দর্শকদের মনে এতটাই গেঁথে গিয়েছিল যে, সেই সিনেমাই যেন আচম্বিতেই হয়ে উঠেছিল তাঁদের নিজস্ব ই জীবনকাহিনী।

বাংলা সিনেমা জগতেও দিলীপকুমার দেখিয়েছেন অসামান্য দক্ষতা। কথাশিল্পী গৌরকিশোর ঘোষ রচিত ও তপন সিনহা পরিচালিত ১৯৭০ সালে মুক্তিপ্রাপ্ত সাগিনা মাহাতো সিনেমাই হল তার প্রকৃষ্ট উদাহরণ। ১৯৪২ - ৪৩ সালে শ্রমিক আন্দোলনকে কেন্দ্র করে একটা সাধারণ কারখানার একজন ট্রেড ইউনিয়ন নেতা হিসেবে নিজের অভিনয়কে তিনি এতটাই বাস্তবায়িত করে তুলেছিল যে,তা মুগ্ধ করেছিল সব শ্রেণীর দর্শকদের ই । সেইসময় তাঁর অভিনয় দক্ষতা দেখে মুগ্ধ হয়েছিলেন সত্যজিৎ রায়ের মত পরিচালকও ।

অভিনয়ের মধ্যে থাকতে থাকতেই এবং খ্যাতির ও উচ্চ শিখরে আরোহণ করতে করতেই দিলীপকুমারের জীবনেও এসেছিল অনেক ছন্দপতন ও । ১৯৭৬ সালে তিনি হঠাৎ হঠাৎই সরে গিয়েছিলেন তাঁর নিজস্ব পরিমণ্ডল থেকেই । সেইসময় অভিনয় জগত থেকে সমায়িকভাবে সরে গিয়েছিলেন তিনি। কিন্তু কি কারণে যে এমন ঘটনা ঘটেছিল তা আজ ও অজানাই রয়ে গেছে সকলের কাছে। ব্যাপারটা অভিনেতার একান্তই ব্যক্তিগত বিষয় বলে কেউ আর সেটা নিয়ে বেশি মাথা ঘামানোর প্রয়োজন ও অনুভব করেন নি।

প্রায় ছয় বৎসর ব্যাপী চলেছিল এই বিরতি পর্ব । তারপর অবশ্য তিনি আবারও ফিরে এসেছিলেন অভিনয়ের জগতে। আর তার জন্য মনে মনে স্বস্তি ফিরে এসেছিল হিন্দী সিনেমা জগতের অনেক পরিচালক ও কলাকুশলীদের মনেও ।

চলচ্চিত্র জগতের বিশাল সাম্রাজ্য জুড়েই অভিনেতা দিলীপকুমার নিজেকে যুক্ত রেখেছিলেন ছয় দশকের ও অধিক সময় জুড়ে।তার মধ্যে তিনি পেয়েছেন অনেক পুরস্কার ও ।মোট আটবার তিনি ফিল্মফেয়ারের শ্রেষ্ট অভিনেতা নির্বাচিত হয়েছিলেন। ভারত সরকার প্রদত্ত পদ্মভূষণ সম্মান তিনি অর্জন করেন ১৯৯১ সালে।১৯৯৫ সালে পান দাদাসাহেব ফালকে পুরস্কার। এখনও পর্যন্ত সিনেমা জগতের তিনিই হলেন সেই ব্যক্তি , যিনি সবচেয়ে বেশি সংখ্যক পুরস্কার জয়ী হিসেবে চিহ্নিত হয়ে আছেন।

১৯৯৩ সাল থেকে তাঁকে আবার ফিল্মফেয়ারের আজীবন সম্মাননা প্রদান করে বিশেষ সম্মাদনাও প্রদান করা হয় । ঠিক তার এক বছর পর ই অর্থাৎ ১৯৯৪ সালে ভারত সরকারের রাজ্যসভার তরফে তাঁকে পার্লামেন্টের উচ্চ কক্ষের বিশেষ একজন সদস্য হিসেবেও মনোনীত করা হয়। বলাই বাহুল্য, সেই ঘটনা সেইসময় এক অনন্য নজির হিসেবেই বিশেষভাবে পরিচিত হয়ে আছে সকলের কাছেই।

২০১৫ সালে ভারত সরকার প্রদত্ত পঁচিশ হাজারী পদ্মবিভূষণ পুরস্কার ও তিনি অর্জন করেন নিজ অভিনয় দক্ষতার ই গুণে । সরকার প্রদত্ত সেই ঘোষণা বছরের শুরুতে হলেও তা তাঁকে দেওয়া হয় সেই বছরের ই একেবারে শেষের দিকে তাঁর ই জন্মদিন উপলক্ষে। ডিসেম্বর মাসের ১১ ই ডিসেম্বর সেই পুরস্কারটি আনুষ্ঠানিকভাবে তুলে দেওয়া হয় তাঁর হাতে তাঁর চুরানব্ব ইতম জন্মদিবসের বিশেষ পুরস্কার হিসেবেই । দীর্ঘ আয়ুর অধিকারী হয়েই এই পৃথিবীতে এসেছিলেন তিনি । ২০২১ সালের জুলাই মাসের সাত তারিখে মুম্বাইয়ের ই এক হাসপাতালে মৃত্যু হয় তাঁর।

